

সূচীপত্র
প্রথম অধ্যায় - ভূমিকা

পরিচ্ছেদ	পৃষ্ঠা
১। সংজ্ঞা (Definition) -----	১
২। সাধারণ মূলনীতি (General Principle) -----	২
৩। আদেশ দিবার প্রথা (The form in which orders are given) -----	৩
দ্বিতীয় অধ্যায় - পরীক্ষা ফায়ার	
৪। সুট (Shoot) পরিচালনার সাধারণ পদ্ধতি (Outline Procedure for the conduct of shoots) -----	৯
৫। প্রারম্ভিক আদেশ (Initial orders) -----	১০
৬। টার্গেটের প্রকৃতি (Nature of target) -----	১২
৭। গোলাবারুদ (Ammunition) -----	১৬
৮। টার্গেটের নির্দেশ (Indication of target) -----	১৭
৯। ও টি বিয়ারিং (OT bearing) -----	১৮
১০। কনসেন্ট্রেশন (Concentration) -----	১৮
১১। ডিফ্লেকশন (Deflection) -----	২০
১২। ক্লাইনোমিটার স্থাপন (Clinometer Laying) -----	২১
১৩। সাইট (Site) -----	২২
১৪। কামান সংশোধন (Gun Correction) -----	২৩
১৫। ছকুমের ফায়ার (Fire by order) -----	২৪
১৬। রেঞ্জিং-এর নিয়ম (Method of ranging) -----	২৫
১৭। লোডিং-এর নিয়ম (Rules for Loading the gun) -----	২৬
১৮। ফিউজ পরিশোধন (Fuze Setting) -----	২৭
১৯। এলিভেশন (Elevation) -----	২৮
২০। কার্যকরী ফায়ারের প্রণালী (Target Description) -----	২৯
২১। বিরতি (Interval) -----	৩৩
২২। টার্গেটের বিবরণ (Target description) -----	৩৪
২৩। ফায়ার (Fire) -----	৩৪

২৪।	সুটের সময় ফায়ারিং-এর নিয়মের সার সংক্ষেপ (Summary of rules for firing during a shoot) -----	৩৫
২৫।	সুটের সময় আদেশ ব্যবহারের সংক্ষিপ্ত নিয়মাবলী (Summary of ----- the application of orders during shoot) -----	৩৬
২৬।	ফায়ার সংশোধনের প্রণালী (Method of Correcting fire) -----	৩৮
২৭।	“পুনরায়” আদেশের ব্যবহার (The use of the orders “Repeat”) -----	৩৮
২৮।	“সুইপ” ও “সার্চ” আদেশের ব্যবহার (The use of the orders “Sweep” and “Search”) -----	৩৯
২৯।	“এনগেজ” ও “টি-ও-টি” আদেশের ব্যবহার (The use of the orders “Engage” and “T O T”) -----	৪১
৩০।	সাময়িক ভাবে সুট স্থগিত রাখ (Suspension of shoot) -----	৪৩
৩১।	সুটের সমাপ্তি (Termination of shoot) -----	৪৫
৩২।	ভুল আদেশের সংশোধন (Correcting mistake in order) -----	৪৬
৩৩।	ভুল স্থাপনের সংশোধন (Correcting mistakes in laying) -----	৪৭
৩৪।	কমান্ড পেট্র হইতে অবজ্ঞাভার পোস্টে রিপোর্ট (Reports from the CP to the OP) -	৪৮
৩৫।	বিলম্ব পরিহার (Avoidance of delay) -----	৫২
৩৬।	আদেশের প্রেরণ ও স্বীকারোক্তি (The passage and acknowledgement of orders) -----	৫৫
৩৭।	টার্গেট তালিকাভুক্ত করা (The recording of targets) -----	৫৫
৩৮।	হাই এ্যাংগেল ফায়ার (High angle firing) -----	৫৮
৩৯।	এয়ার ও-পি দ্বারা যন্ত্রিত সুট (Shoots Controlled by air OP) -----	
৪০।	স্থানান্তর সম্বন্ধে আদেশ (Orders concerning a move) -----	

তৃতীয় অধ্যায়- একটি ব্যাটারির বেশী কনসেন্ট্রেশন করা

(Concentration of more than one battery)

৪১।	সাধারণ (General) -----	৬২
৪২।	পদ্ধতি (Procedure) -----	৬৪
৪৩।	লিনিয়ার কনসেন্ট্রেশন করা (Linear Concentration) -----	৬৮

৪৪। ট্যাংক এনগেজমেন্ট (Tank Engage)

৪৫। ট্যাংক ছাড়া অন্য টার্গেট এনগেজ করা (Target engage other than tank)

সংক্ষেপে

ও টি (OT) ----- অবজার্ভার-টার্গেট।

বি টি (B T) ----- ব্যাটারি-টার্গেট।

এম পি আই (MPI) ----- পিন পয়েন্ট অফ ইমপ্যাক্ট।

ভি টি (V T) ----- ভেরিয়েবল টাইম।

টি ও টি (T O T) ----- টাইম অন টার্গেট।

এম ভি (M V) ----- মাজল ভেলোসিটি।

এম ভি ভি (M V V) ----- মাজল ভেলোসিটি ভেরিয়েশন।

ফিল্ড আর্টিলারি

খন্ড ৩ -- কামান শাস্ত্র

পুস্তিকা নম্বর - ২

ফায়ার শৃঙ্খলা

১। এই পুস্তকটি বিশেষভাবে জিপিও (GOP) এবং অবজারভারদ্র (Observer) উপদেশ হিসাবে লেখা। কামানের ফায়ার শৃঙ্খলা ড্রিল প্রতিটি কামানের নিজ নিজ কামান ড্রিল পুস্তকে দেওয়া আছে। এই পুস্তকের বেশীর ভাগই কামানের ফায়ার শৃঙ্খলার উপর নিয়োগ করা হয়েছে। যেখানে এর অন্যথা, তা পরিস্কারভাবে ব্যক্ত করা হয়েছে। ফায়ার নিয়ন্ত্রণের প্রণালী ও আদেশ যা দেওয়া হল তা যে কোন আকারের ইউনিটের (Unit) উপর প্রযোজ্য। এছাড়া আবজার্ডার কমান্ড পোস্ট কিংবা গান পজিশনের (Gun Position) উপরও সমভাবে প্রযোজ্য।

ভূমিকা

পরিচ্ছেদ ১-সংজ্ঞা (Definitions)

১। সুট (Shoot) এক বা একাধিক টার্গেটের এনগেজমেন্ট (Engagement) যা প্রারম্ভিক আদেশের (Initial Order) দ্বারা আরম্ভ হয় এবং পরবর্তী সুটের প্রারম্ভিক আদেশ বা “বিশ্রাম” বা “ফায়ার বিরতি” আদেশে শেষ হয়।

২। রেজিমেন্টাল এবং তার বড় কনসেন্ট্রেশন (Regimental and larger concentration) কনসেন্ট্রেশন যা রেজিমেন্ট বা আরো বড় ইউনিট দ্বারা ফায়ার করা হয়।

রেজিমেন্ট ...	...	...	মাইক টার্গেট	(M Target)
ডিভিশন ...	...	...	ইউনিফর্ম টার্গেট	(U Target)
সেনাদল (Army Group)			ইয়ানকি টার্গেট	(Y Target)
কোর ...	...	...	ভিকটর টার্গেট	(V Target)
সেনাবাহিনী ...	...	...	হয়স্কি টার্গেট	(W Target)

গোলন্দাজ ফর্মেশনের কর্তৃত্বাধীনে ইউনিট সমূহ বা সংশ্লিষ্ট ইউনিটের সব উপ-ইউনিট বা এমন ইউনিট এবং উপ-ইউনিট যাদেরকে অংশ নিতে নির্দেশ দেয়া হয়। তাহাদের মিলিত ফায়ারকে কনসেন্ট্রেশন ফায়ার বলে।

পরিচ্ছেদ ২ - সাধারণ মূলনীতি (General Principles)

ফায়ার শৃঙ্খলার মানে ও উদ্দেশ্য (The meaning and aim of fire discipline)

১। ফায়ার শৃঙ্খলার মধ্যে আদেশের বিস্তৃত বিবরণ অন্তর্ভুক্ত আছে যা দ্বারা একটি কামান, সেকশন ব্যাটারি কিংবা যে কোন সংখ্যক ব্যাটারি বা রেজিমেন্টের ফায়ার নিয়ন্ত্রণ করা হয়।

২। ফায়ার শৃঙ্খলার উদ্দেশ্য হল, যখন ফায়ার অর্ডার দেওয়া হয় তখন সূত্রপাতকারীর (Originator) অভিপ্রায় অনুযায়ী সবচেয়ে কম সময়ে কম সময়ে উপযুক্ত কাজ যাতে হয় তা নিশ্চিত করা।

৩। প্রতিটি ফায়ার অর্ডারের মানে সেইজন্য স্পষ্টভাবে বিশ্লেষণ করা দরকার এবং সম্পাদনকারী সংশ্লিষ্ট মহলের তা অবশ্যই জানা দরকার। শুধুমাত্র ফায়ার শৃঙ্খলার নিয়মের নির্ভুল আনুগত্যই আনবে দ্রুত ও কার্যকরী করার।

আদেশের পর্যায়ক্রম (Sequence of orders)

৪। ড্রিল যাতে তাড়াতাড়ি সম্পন্ন করা যায় এবং ভুল ভ্রান্তি যাতে তৎক্ষণাৎ ধরা পড়ে সেই জন্যেই সমস্ত ফায়ার অর্ডার একটি নির্ধারিত পর্যায়ক্রমে দেয়া হয়। ইহা কোন কারণ ছাড়া বদলানো হয় না।

পিওর দায়িত্ব (Responsibility of the GPO)

৫। জিপিও ব্যাটারি অবস্থানের ফায়ার শৃঙ্খলার জন্য দায়ী। তার দায়িত্বের মধ্যে রয়েছে :-

- ক) সমস্ত প্রাপ্ত আদেশ সম্পাদন করা।
- খ) কামানকে এমনভাবে আদেশ পাঠানো, যা তৎক্ষণাৎ বুঝতে পারা যায় এবং নিশ্চিত করা যে তা সঠিক ভাবে সম্পাদিত হচ্ছে।
- গ) বিলম্ব রোধের জন্য সমস্ত ব্যবস্থা করা।
- ঘ) অবজ্ঞারভারকে যে কোন দরকারী রিপোর্ট দেয়া।

কামানে আদেশ পাঠানোর প্রণালী (Methods of passing orders to the guns)

৬। সাধারণ সুটের জন্য কামানে ফায়ার আদেশ সাধারণতঃ মৌখিকভাবে পাঠান হয়। ফায়ার চলাকালীন কামানে মৌখিক আদেশ পাঠানো একটু অসুবিধাজনক এবং ভুল হবার সম্ভাবনা থাকে। সেইজন্য সাধারণ ফায়ার পরিকল্পনা ছাড়া সব রকম ফায়ার পরিকল্পনার জন্য গান প্রোগ্রাম ব্যবহার করা উচিত। নম্বর ১ তখন লিখিত প্রোগ্রাম অনুযায়ী নিজ নিজ কামানের ফায়ার নিয়ন্ত্রণ করে, কিন্তু কমান্ড পোস্ট হতে কোন মৌখিক আদেশ পাওয়া মাত্রই তার উপর কাজ করে।

রণকৌশল সম্বন্ধীয় তথ্য (Tactical Information)

৭। প্রতিটি টার্গেট নিযুক্ত করার সাথে সুবিধামত যতশীঘ্র সম্ভব রণ পরিস্থিতি সম্বন্ধীয় একটি সংক্ষিপ্ত তথ্য অবজ্ঞারভার পাঠাবেন। সবচেয়ে সুবিধামত সময় হচ্ছে “ফায়ার” বলার পূর্বে। অবশ্য যদি সময়ের অভাব হয় তবে “ফায়ার” বলার পরেও দেয়া য়তে পারে (পরিচ্ছেদ-২২)।

পরিচ্ছেদ ৩-আদেশ দিবার প্রথা (The form in which orders are given)

ফায়ার আদেশ (Fire Order)

১। ভুল ও বিলম্ব এড়াবার জন্য ফায়ার আদেশ একটি নির্ধারিত প্রথায় দেওয়া হয়। তালিকা-১-এ যে কাঠামো দেয়া আছে উহা অবজ্ঞারভার পোস্ট হতে (Transmission by signalers) সাংকেতিক আদেশ দেয়ার জন্য এবং গান পজিশনে ব্যবহারের জন্য।

গ্রিড সূত্র, ওটি বিয়ারিং এবং সময় (Grid references, OT Bearings & time)

২। যখন গ্রিড সূত্র (উচ্চাতাসহ), ওটি বিয়ারিং এবং সময় ফায়ার আদেশের সাথে মিলিতভাবে ব্যবহৃত হয় তখন এগুলি যেভাবে দিতে হবে তা তালিকা ২-এ দেওয়া হয়েছে। ইহা নির্ধারিত সংকেত প্রণালীর সঙ্গে মিল আছে শুধু মাত্র “সংখ্যার বা (Figures)” কথাটি বাদ দেওয়া হয়েছে। সমস্ত ফায়ার আদেশ এইরূপ করা হয়েছে।

আরমস ও সার্ভিসেস কর্তৃক পর্যবেক্ষণ দ্বারা পরিচালিত সুট (Shoots conducted with observation by other arm and services)

৩। যখন সুট অন্য আরমস ও সার্ভিসেস কর্তৃক পর্যবেক্ষিত হয়, তখন তালিকা ১ ও ২ অনুযায়ী আদেশ নাও পাওয়া য়তে পারে। ঐরূপ আদেশের উপর ঠিক সেইভাবে দিতে হবে যেভাবে পাওয়া গিয়েছে, তবে কামানকে পাঠাবার সময় গোলন্দাজ প্রথা অনুযায়ী পাঠাতে হবে।

তালিকা ১-ফায়ার আদেশ দিবার প্রথা

ক্রমিক নং	আদেশ	আদেশ যেমন দেওয়া হয়।
১	২	৩

এইমিং পয়েন্ট হতে কোণ (Angles from aiming point)

১।	এইমিং পয়েন্ট $80^{\circ}5'$	“এইমিং পয়েন্ট চার শূন্য ডিগ্রী পাঁচ মিনিট”।
২।	এইমিং পয়েন্ট ডাইরেক্ট নং ১,১৩৫°	“এইমিং পয়েন্ট পরিচালক যন্ত্র, নম্বর এক, এক তিন পাঁচ”।
৩।	এইমিং পয়েন্ট এইমিং সারকেল নং ২,২২১৫ (মিলস)	“এইমিং পয়েন্ট এইমিং সারকেল নম্বর দুই দুই দুই এক পাঁচ”।

টার্গেটের প্রকৃতি (Nature of target)

৪।	ব্যাটারি ধাবমান টার্গেট (GF Target)	“ব্যাটারি ধাবমান টার্গেট”।
----	-------------------------------------	----------------------------

গোলাবারুদ (Ammunition)

৫।	এইচ-ই ১১৯, এন এইচ চার্জ ৩	“এইচ ই এক এক নয়, এন এইচ চার্জ তিন”।
৬।	এইচ-ই ভি টি চার্জ ৩	“এইচ ই ভি টি চার্জ তিন”।
৭।	চার্জ ১ + ১ বৃদ্ধি	“চার্জ এক যোগ এক বৃদ্ধি”।
৮।	সুপার চার্জ	“চার্জ সুপার”।
৯।	সুপার চার্জ যোগ ইনক্রিমেন্ট	“চার্জ সুপার ইনক্রিমেন্ট”।

ওটি বিয়ারিং (OT Bearing)

১০।	ও-টি 52°	“অবজারভার টার্গেট পাঁচ দুই ডিগ্রী”।
১১।	ও-টি ২৫২০ মিল	“অবজারভার টার্গেট দুই পাঁচ দুই শূন্য মিল”।
১২।	ও-টি ১৫৬০ রুথ	“অবজারভার টার্গেট এক পাঁচ ছয় শূন্য রুথ”।

কনসেন্ট্রেশন (Concentration)

১৩।	নং ২, ডান ৫ মিনিট	“কনসেন্ট্রেশন। নম্বর দুই ডান পাঁচ মিনিট”।
১৪।	নং ১, বাম ১০ মিলস	“নম্বর এক বাম এক শূন্য”।
১৫।	নং ৫, বাম ১৫ রুথ	“নম্বর পাঁচ বাম এক পাঁচ”।

ডিফ্লেকশন (Deflection)

১৬।	$25^{\circ}5'$	“ডিফ্লেকশন, দুই পাঁচ ডিগ্রী পাঁচ মিনিট”।
১৭।	350°	“তিন পাঁচ শূন্য ডিগ্রী”।
১৮।	১৩২৮ মিলস	“এক তিন দুই আট মিলস”।

পরিবর্তন (Alteration to Deflections)

- ১৯। বাম ৩°৫→
২০। নং ২, ডান ৫

“বাম তিন ডিগ্রী পাঁচ মিনিট”।
“নম্বর দুই, ডান পাঁচ মিনিট”।

টার্গেট গ্রিড সংশোধন (Target Grid Correction)

- ২১। ডানে ৪০০
২২। বাড়াও ৮০০

“ডান চারশত”।
“বাড়াও আটশত”।

সাইট (Site)

- ২৩। অবস্থান শূন্য
২৪। সাইট ১৫→ উন্নত
২৫। ৩০০
২৬। ৩০৯

“অবস্থান শূন্য”।
“সাইট এক পাঁচ মিনিট উন্নত”।
“তিনশত”।
“তিন শূন্য নয়”।

বিরতি (Interval)

- ২৭। ৩০ সেকেন্ড
২৮। ১ মিনিট ৩০ সেকেন্ড

“তিন শূন্য সেকেন্ড”।
“নয় শূন্য সেকেন্ড”।

ফিউজ সেটিং (Fuze Setting)

- ২৯। ফিউজ ১.৯
৩০। ফিউজ ১০.০
৩১। ফিউজ ১৪.২
৩২। ফিউজ ৪৪.২
৩৩। দীর্ঘতর .৪

“ফিউজ এক দশমিক নয়”।
“ফিউজ এক শূন্য”।
“ফিউজ এক চার দশমিক দুই”।
“ফিউজ চার চার দশমিক দুই”।
“দীর্ঘতর দশমিক চার”।

ফিউজ সংশোধন (Fuze Correction)

- ৩৪। নং ১ দীর্ঘতর .৪
৩৫। নং ৩ ক্ষুদ্রতর .৩

“নম্বর এক দীর্ঘতর দশমিক চার”।
“নম্বর তিন ক্ষুদ্রতর দশমিক তিন”।

দূরত্ব (Range)

- ৩৬। ৪০০
৩৭। ৮২৫
৩৮। ৬৫০
৩৯। ১০০০

“চারশত”।
“আটশত পঁচিশ”।
“ছয়শত পঞ্চাশ”।
“এক হাজার”।

এলিভেশন (Elevation)

৪০। এলিভেশন ২৮৬ মিলস।

“এলিভেশ দুই আট ছয়”।

৪১। এলিভেশন ১৫°২০→

“এলিভেশন এক পাঁচ ডিগ্রী দুই শূন্য মিনিট”।

গোলার সংখ্যা ও কার্যকরী ফায়ারের প্রণালী (Number of Rounds and Methods of Fire of Effect)

৪২। ১০ গোলা কামান ফায়ার

“এক শূন্য গোলা কামান ফায়ার”।

উড্ডয়নকালের প্রতিবেদন (Reporting Time of flight)

৪৩। প্রস্তুত। উড্ডয়নকাল ১৫ সেকেন্ড

“প্রস্তুত। উড্ডয়নকাল এক পাঁচ সেকেন্ড”।

৪৪। শট ১। উড্ডয়নকাল ১৭ সেকেন্ড

“শট এক। উড্ডয়নকাল এক সাত সেকেন্ড”।

প্রিসিশন সুট (Precision Shoot)

৪৫। এম পি আই ঠিক কর (Adjust mip)

“এম পি আই ঠিক কর”।

৪৬। উপরে ডান (Over right)

“উপরে ডান”।

৪৭। অনিশ্চিত বাম (Doubtful left)

“অনিশ্চিত বাম”।

৪৮। নীচে লাইন (Short line)

“নীচে লাইন”।

৪৯। এম পি আই ঠিক (mpi Adjusted)

“এম পি আই ঠিক”।

তালিকা ২-ফায়ার আদেশের সংগে ব্যবহৃত গ্রিড সূত্র ওটি বিয়ারিং এবং সময় দিবার প্রথা (The From in which Grid References OT Bearing and Times are given when used in conjunction with Fire Order)

ক্রমিক নং	আদেশ	আদেশ যেমন দেওয়া হয়।
১	২	৩

১। গ্রিড সূত্র ১২৩৪০৫ উচ্চতা ১২০ ফুট
ওটি ৫৩°৯৫০ মিলস

“গ্রিড সূত্র এক দুই তিন চার শূন্য পাঁচ উচ্চতা এক দুই
শূন্য ফুট। ওটি পাঁচ তিন ডিগ্রী/নয় পাঁচ শূন্য মিলস”।

২। গ্রিড সূত্র ৪৫৭৬৫৪ উচ্চতা ৯৫০ মিটার
ওটি ১৩৫০ মিলস

“গ্রিড সূত্র চার পাঁচ সাত ছয় পাঁচ চার উচ্চতা নয় পাঁচ
শূন্য মিটার। ওটি এক তিন পাঁচ শূন্য মিলস”।

৩। ১০০ ফিট/মিটার

“একশত ফিট/মিটার”।

৪। ২৫ ফিট/মিটার

“দুই পাঁচ ফিট/মিটার”।

৫। নিম্ন ৫০ ফিট/মিটার

“নিম্ন পাঁচ ফিট/মিটার”।

৬। ১১০০টায় এনগেজ কর

“এক একশত টায় এনগেজ কর”।

৭। টি ও টি ১২৫০

“টার্গেটের উপর সময় এক দুই পাঁ শূন্য”।

আদেশের সাধারণ প্রয়োগ (General Application of Orders)

৪। ব্যাটারির মধ্যে সমস্ত আদেশ যার পূর্বে কোন বিশেষ কামানের নম্বর নেই বা যার প্রথমে ডান, বাম বা মধ্যম সেকশন উল্লেখ নই তা সেই সুটে অংশ নিতে আদেশকৃত সমস্ত কামানের উপর প্রযোজ্য হবে। (পরিচ্ছেদ-৬)। নিম্নলিখিত উদাহরণ দ্বারা দেখা যাবে যে, কার্যকরী ফায়ারের সময় সমস্ত বা আংশিক আদেশ কোন এক বা তার বেশী কামানের জন্য সীমিত করা যতে পারে :-

আদেশ	কার্য সম্পাদন
অবজার “ডানে ৫০, ১ গোলা কামান ফায়ার” “নং ৪, ডানে ৫০, ১ গোলা কামান ফায়ার”।	সমস্ত কামানের উপরে প্রযোজ্য। ডানে ৫০ শুধুমাত্র নম্বর চার কামানের জন্য। সকল কামাল ফায়ার করবে।
“নং ৩, ডানে ১০০, নং ৩ বাড়াও ৫০, ১ গোলা কামান ফায়ার”।	শুধুমাত্র নং ৩ এর জন্য আদেশ ডানে ১০০ ও বাড়াও ৫০। সকল কামান ফায়ার করবে।
কমান্ড পোস্ট “ডিফ্লেকশন ১৫২°, উন্নত ১০°২৫, “গোলা কামান ফায়ার”।	সমস্ত কামানের উপর প্রযোজ্য।
“নং ১, ডিফ্লেকশন ১১৫৩, উন্নত ২৯২, ১ গোলা কামান ফায়ার”।	শুধু নং ১ এর জন্য ডিফ্লেকশন ১১৫৩, সমস্ত কামানের জন্য উন্নত ২৯৩ এবং সমস্ত কামান ফায়ার করবে।
“নং ১, ডিফ্লেকশন ১৫৩°২০→ উন্নত ১৬°, নং ১, ১ গোলা কামান ফায়ার”।	শুধু নং ১ এর জন্য ডিফ্লেকশন ১৫৩°২৫→ উন্নত সকল কামানের জন্য ১৬°। শুধুমাত্র ১, কামান ১ গোলা ফায়ার করবে।

দ্বিতীয় অধ্যায়
ইনডাইরেক্ট (INDIRECT FIRE)
পরিচ্ছেদ ৪-সুট পরিচালনার সাধারণ পদ্ধতি
(Outline Procedure for the conduct of shoots)

১। একটি সুট সাধারণতঃ নিম্নলিখিতভাবে পরিচালনা করা হয় :-

- (ক) প্রারম্ভিক আদেশ হয় (পরিচ্ছেদ ৫)।
- (খ) যদি দরকার হয় তবে রেঞ্জিং করা হয় যার সুস্বত্বতার মাত্রা নির্ভর করে টার্গেটের প্রকৃতি ও অবস্থার (Situation) প্রয়োজনীয়তার (Urgency) উপর।
- (গ) কার্যকরী ফায়ার আরম্ভ হয় ও দরকার হলে সংশোধন করা হয়। ফায়ার চলতে থাকে যতক্ষণ পরিস্থিতির জন্য দরকার হয়।
- (ঘ) দরকার হলে টার্গেটের তালিকাভুক্ত করা হয়।
- (ঙ) সুট স্থগিত রাখা হয়, অথবা সমাপ্ত করা হয়।

সুট চলাকালীন আদেশ (Orders during shoot)

২। সুটের সময় সমস্ত আদেশই কার্যকরী থাকে যতক্ষণ পর্যন্ত না পরবর্তী আদেশ দ্বারা বাতিল করা হয়।

৩। প্রারম্ভিক আদেশের মত সুট চলাকালীন আদেশও একই পর্যায়ক্রমে দেওয়া হয়। তবে যেহেতু সমস্ত আদেশ বলবৎ থাকে যতক্ষণ পর্যন্ত না বাতিল করা হয়, সেইজন্য কেবল সেই সমস্ত আদেশই দেওয়া হয়, যার দ্বারা দরকার মত ফল লাভের প্রয়োজন হয়।

৪। পরিচ্ছেদ ৬ হতে ৩৯-এর মধ্যে প্রতিটি আদেশের প্রয়োগের বিশদ ব্যাখ্যা আছে যা প্রারম্ভিক আদেশ ও সুট চলাকালীন আদেশে ব্যবহার হতে পারে।

রেঞ্জিং এবং কার্যকরী ফায়ার (Ranging and fire for effect)

৫। ফায়ার শৃঙ্খলায় রেঞ্জিং ও কার্যকরী ফায়ারের মধ্যে পার্থক্য হচ্ছে প্রধানতঃ কামান ভরা ও কামান ফায়ারিং করা। (পরিচ্ছেদ ১৭ এবং ২৪)।

৬। সুট পরিচালনার যে কোন মুহুর্তে, অবজারভার রেঞ্জিং পদ্ধতি বা রেঞ্জিং কামান বা সেকশন বদলাতে পারেন। অবজারভার কিছুক্ষণ কার্যকরী ফায়ারের পরে আবার রেঞ্জিং করতে পারেন।

পরিচ্ছেদ ৫-প্রারম্ভিক আদেশ (Initial Orders)

১। একটি সুটে প্রথম গোলা ফায়ার করার জন্য যে আদেশ দেওয়া হয় তাকে প্রারম্ভিক আদেশ বলে। এতে নির্দেশ থাকে যে কোন কামান সুটিং এ অংশ নিব্রা, কামান প্রস্তুত করার জন্য প্রয়োজনীয় তথ্যাদি (Data) যাতে কামান প্রস্তুত করা যায় এবং সমাপ্তি হয় “ফায়ার” আদেশ দ্বারা। আদেশের পূর্বে যদি কোন ইউনিটের তলব সংকেত বা উপ-ইউনিট লেটার (letter) থাকে তবে ঐ আদেশ শুধুমাত্র ঐ ইউনিট বা উপ-ইউনিটের উপর প্রযোজ্য হবে।

প্রারম্ভিক আদেশ (Initial orders from the Observer)

২। এই আদেশে এমন সব বিবরণ থাকে যা হতে কমান্ড পোস্ট নিজ প্রারম্ভিক আদেশ তৈয়ার করতে পারে (অনুচ্ছেদ ৩ এবং ৫) এবং ফলদায়ক ফায়ারের জন্য গোলা বারুদ তৈরি রাখতে পারে।

৩। অবজারভার যে সমস্ত আদেশ পাঠাতে পারে তা ৩নং তালিকাতে এবং যা কমান্ড পোস্ট দ্বারা ব্যবহৃত হবে তা ৪নং তালিকাতে ঠিক পর্যায়ক্রমে দেওয়া হল। যে কোন প্রকার বা স্তরের সুট হোক না কেন, এই আদেশের রূপ বদলায় না।

৪। প্রতিটি আদেশের বিস্তৃত রূপ, এবং ইহার ব্যবহারের নিয়মাবলী পরবর্তী পরিচ্ছেদ গুলিতে ব্যাখ্যা করা হয়েছে এবং এই পরিচ্ছেদ গুলির প্রতি সূত্রেরও উল্লেখ আছে।

৫। প্রারম্ভিক আদেশে কতগুলি অংশ আছে যা অবজারভার বা কমান্ড পোস্টের আদেশে বাদ পড়লে কমান্ড পোস্ট বা নং ১-এর “চেক” (Check) শব্দ ব্যবহার করা মনে করিয়া দেওয়া ও যে আদেশটি বাদ পড়িয়াছে তা নির্দেশ করা, যেমন “চেক ও টি”, “চেক ডিফ্লেকশন” ইত্যাদি। তিন ও চার নম্বর তালিকাতে এই অত্যাৱশ্যক আদেশ গুলির নীচে রেখা টানা আছে।

তালিকা ৩-পর্যবেক্ষকের আদেশের পর্যায়ক্রম

ক্রমিক নং	সুট যার রেঞ্জিং হতে আরম্ভ হয়	উদাহরণ	নিষ্কেপ যা কার্যকরী ফায়ার হতে আরম্ভ হয়	উদাহরণ	পরিচ্ছেদ সূত্র
১।	টাগেটের প্রকৃতি	ব্যাটারী টাগেট বায়ু বিস্ফোরক	লক্ষ্যের প্রকৃতি	ব্যাটারী টাগেট বায়ু বিস্ফোরক	৬
২।	পারকাশন (Percuss- ion) ফিউজসহ এইচ-ই (HE) ছাড়া যদি অন্য গোলাবারুদ দরকার হয়।	কামান প্রতি ১০ গোলা তৈয়ার কর	পারকাশন (Percuss- ion) ফিউজসহ এইচ-ই (HE) ছাড়া যদি অন্য গোলাবারুদ দরকার হয়।	এইচ-ই সময়	৭
৩।	চার্জ		চার্জ		৭
৪।	টাগেটের নির্দেশ	গ্রিড সূত্র ১২৩৪৫৬ উচ্চতা ১২৪ ফিট/মিটার	টাগেটের নির্দেশ	টাগেট পি- ৩১২৪	৮
৫।	ও টি বিয়ারিং	অক্ষার ট্যাংগো ও টি বিয়ারিং ৩১৫ ডিগ্রী	ও টি বিয়ারিং	ও টি ২৭০০ মিলস	৯
৬।	সংশোধন		সংশোধন	বামে ২০০	২৬
৭।	কনসেনট্রেশন	কনসেনট্রেশন	কনসেনট্রেশন		১০
৮।	কামান সংশোধন	কামান সংশোধন ব্যবহার কর	কামান সংশোধন	কামান সংশোধন ব্যবহার কর	১৪
৯।	হুকুমে ফায়ার	হুকুমে ফায়ার	হুকুমে ফায়ার	হুকুমে ফায়ার	১৫
১০।	রেঞ্জিং পদ্ধতি	ডান রেঞ্জিং	ফায়ারের প্রণালী	২ গোলা কামান ফায়ার	১৬
১১।	ষ্ট্যান্ড বাই	রিপোর্ট ষ্ট্যান্ড বাই	ষ্ট্যান্ড-বাই	রিপোর্ট ষ্ট্যান্ড বাই	৩৪
১২।	--	--	বিরতি	--	২১
১৩।	টাগেটের বিরণ	পরিখায় ১০ জন লোক	টাগেটের বিবরণ	বিরাত কর্মী সমাবেশ	২২
১৪।	ফায়ার	ফায়ার	ফায়ার	ফায়ার	২৩

তালিকা ৪-কমান্ড পোস্ট হতে আদেশের পর্যায়ক্রম

ক্রমিক নং	সুট যাহার রেঞ্জিং হতে আরম্ভ হয়	নিষ্ক্ষেপ যা কার্যকরী ফায়ার হতে আরম্ভ হয়	পরিচ্ছেদ সূত্র
১।	টার্গেটের প্রকৃতি	টার্গেটের প্রকৃতি	৬
২।	গোলাবারুদ	গোলাবারুদ	৭
৩।	কনসেনট্রেশন	কনসেনট্রেশন	১০
৪।	ডিফ্লেকশন	ডিফ্লেকশন	১১
৫।	ক্লাইনোমিটার স্থাপন	ক্লাইনোমিটার স্থাপন	১২
৬।	সাইট	সাইট	১৩
৭।	কামান সংশোধন	কামান সংশোধন	১৪
৮।	হুকুমে ফায়ার	হুকুমে ফায়ার	১৫
৯।	রেঞ্জিং পদ্ধতি		১৬
১০।	ফিউজ সংশোধন	ফিউজ সংশোধন	১৮
১১।	ফিউজ সেটিং	ফিউজ সেটিং	১৮
১২।	এলিভেশন	এলিভেশন	১৯
১৩।		গোলার সংখ্যা	২০
১৪।		কার্যকরী ফায়ারের পদ্ধতি	২০
১৫।		বিরতি	২১
১৬।	টার্গেটের বিবরণ	টার্গেটের বিবরণ	২২
১৭।	ফায়ার	ফায়ার	২৩

পরিচ্ছেদ ৬-টার্গেটের প্রকৃতি (Nature of Target)

- ১। প্রারম্ভিক আদেশের প্রথমেই টার্গেটের প্রকৃতি দেওয়ার উদ্দেশ্য নিম্নে দেওয়া হল :-
 - ক) নির্দেশ করা যে নতুন টার্গেট এনগেজ করা হচ্ছি এবং পূর্ব সুট সম্পর্কিত সমস্ত আদেশ বাতিল করা হল।
 - খ) নির্দেশ করা যে সুটে কতগুলি কামান অংশ নিব্রি তালিকা-৫।
 - গ) নির্দেশ করা যে কোনরূপ বিশেষ পদ্ধতি ব্যবহৃত হবে কিনা এবং অথবা কোন প্রকারের গোলাবারুদ তৈরী করতে হবে (তালিকা-৬)।

আবশ্যক সংখ্যা কামান (Number of Guns Required)

- ২। যাতে গোলাবারুদের অপচয় না হয় এবং কামান উপদল (Gun detachment) অযথা ক্লান্ত না হয় পড়ে, সেইজন্য অবজারভারের উচিত যে যতগুলি কামান দ্বারা কার্য সিদ্ধি হবে তা বেশি কামানের জন্য আদেশ না দেওয়া। এ সম্পর্কিত আদেশ যা ব্যবহৃত হয় তাহা ৫নং তালিকাতে দেওয়া হল।
- ৩। কামান উপদলের কাজঃ সংশ্লিষ্ট প্রতিটি কামানের উপদল নিম্নলিখিত আদেশের যে কোন একটি পাওয়া মাত্র স্থান নেয়।

তালিকা ৫-কত সংখ্যা কামান সুটে অংশ লইবে তাহার আদেশ

ক্রমিক নং	আদেশ	ফায়ার ক্ষমতা Fire Power	মন্তব্য (Remarks)
১	২	৩	৪
১।	“কামান টার্গেট”।	একটি কামান	অবজারভার দ্বারা ব্যবহৃত আদেশ, যদি কামানের মনোনয়ন কমান্ড পোস্টের উপর চাড়িয়া দেওয়া যেতে পারে।
২।	“নং ----- কামান টার্গেট	একটি কামান	এই আদেশ অবজারভার দ্বারা ব্যবহৃত হয়, যখন বিশেষ কোন কামানের আবশ্যক হয়। এই কমান্ড পোস্ট দ্বারা সব সময় ব্যবহৃত হবে যখন অবজারভার ক্রমিক ১ বা ২ ব্যবহার করে।
৩।	“সেকশন টার্গেট”	দুইটি কামান	অবজারভার দ্বারা ব্যবহৃত আদেশ, যদি সেকশনের মনোনয়ন কমান্ড পোস্টের উপর ছাড় দেয়া যাতে পারে।
৪।	“ডান (মধ্য বা বাম) সেকশন টার্গেট	দুইটি কামান	একটি আদেশে অবজারভার দ্বারা ব্যবহৃত হয় যখন বিশেষ কোন সেকশনের আবশ্যক হয়। এই কমান্ড পোস্ট দ্বারা সব সময় ব্যবহৃত হবে যখন অবজারভার ক্রমিক ৩ বা ৪ ব্যবহার করে।
৫।	“ব্যাটারী টার্গেট”	একটি ব্যাটারী	ফায়ার তৃতীয় অধ্যায় অনুযায়ী নিয়ন্ত্রিত হবে।
৬।	“মাইক টার্গেট”	একটি রেজিমেন্ট	
৭।	“ইউনিফর্ম টার্গেট”	ডিভিশন আট্টিলারী	
৮।	“ভিকটর টার্গেট”	কোর আট্টিলারী	
৯।	“হুইস্কি টার্গেট”	আমি আট্টিলারী	

ব্যাটারী কমান্ড পোস্ট কর্মীদের কাজ (Action by the Battery Command Post Staff)

৪। যখনই কোন টার্গেট আদেশ করা হয়, দুই ডিপিও এ্যাক (GPOA) গ্রিড সূত্র ও ওটি বিয়ারিং তাদের আট্টিলারী বোর্ডে আকিতে তৎপর হয়। তারা আরও নিশ্চিত করে যে গ্রাফিক্যাল ফায়ারিং তালিকা (GFT) এবং ডিসপ্লেসমেন্ট (Displacement) সংশোধন, ক্রেস্ট ক্লিয়ারেন্স (Crest Clearance) ইত্যাদির তথ্যাদি (Data) হাতের কাছে পাওয়া যায়।

৫। একজন ব্যাটারী অবজারভার যখন রেজিমেন্ট বা তার বড় টার্গেট এনগেজমেন্টের আদেশ দেয় তখন দরকার পড়লে কমান্ড পোস্ট নিশ্চিত করে যে অবজারভারের সমস্ত আদেশ এ্যাডজুস্টেন্ট ও অন্যান্য ব্যাটারী কমান্ড যে পোস্ট পর্যন্ত পৌঁছায় এবং সেখান হতে সমস্ত প্রতিবেদন অবজারভার পর্যন্ত রিলে (relay) করা হয়।

প্রণালী ও গোলাবারুদের জন্য বিশেষ নির্দেশ (Special Instructions Relating to Procedure of Ammunition)

৬। সুটের সময় যখন বিশেষ পদ্ধতি ব্যবহৃত হয় তখন তার জন্য ৬নং তালিকার উপযুক্ত আদেশ ৫নং তালিকার একটি আদেশের সংগে সংযুক্ত করা হয়।

তারিখা ৬-টার্গেটের প্রকৃতির জন্য বিশেষ আদেশ।

ক্রমিক নং	আদেশ	মানে
১	২	৩
১।	“ধাবমান টার্গেট” (GF Target)	গতি অসাধারণভাবে প্রয়োজনীয়
২।	“ক্লোজ টার্গেট” (Close Target)	যখন টার্গেট আমাদের নিজ সৈন্যবাহিনীর নিকটে, অবজারভার আমাদের সৈন্যদের নিরাপত্তার জন্য দায়ী। স্থাপন (Laying) রামিং (Ramming) ও গোলাবারুদ বাছাই করার জন্য বিশেষ যত্ন হতে হবে। অবজারভার সবচেয়ে সামঞ্জস্যপূর্ণ (consistent) চার্জের আদেশ দিবেন। কমান্ড পোস্ট ব্যবহৃত চার্জ বা প্রপেলেন্টের প্রকৃতির বদল অবজারভার অনুমতি ছাড়া করবে না।
৩।	“রেজিস্ট্রেশন টার্গেট” (Registration Target)	অবজারভার একটি টার্গেট রেজিস্ট্রি করতে যাচ্ছে।
৪।	“প্রিসিশন টার্গেট” (Precision Target)	প্রিসিশন পদ্ধতির দ্বারা এম পি আই ঠিক করা।
৫।	“ফায়ার প্লান টার্গেট” (Fire plan Target)	অবজারভার কামান গুলিকে একটি টার্গেটের উপর সমন্বিত করতে যাচ্ছে। গোলাবারুদ আগেই তৈরী করতে হবে। ফায়ার প্লান খুব সাদাসিধা না হলে কামান প্রোগ্রাম প্রদান করতে হবে।
৬।	“ধূম টার্গেট” (Smoke Target)	উপযুক্ত গোলা তৈরী রাখতে হবে। এ গোলা ব্যবহার করার জন্য বিশেষ প্রণালী থাকলে তা পালন করতে হবে।
৭।	“রাসায়নিক টার্গেট” (Chemical Target)	
৮।	“ফুলকি টার্গেট” (Flare Target)	
৯।	“রঙ্গিন ধূম টার্গেট” (Coloured Smoke Target)	
১০।	“তারকা টার্গেট” (Star Target)	
১১।	“প্রচারণা টার্গেট” (Propaganda Target)	
১২।	“ভিকটর টার্গেট” (VT Target)	
১৩।	“আকাশ বিস্ফোরক টার্গেট” (Air Burst Target)	সময় ফিউজসহ এইচ-ই (HE) তৈরী রাখতে হবে।
১৪।	“লিনিয়ার টার্গেট” (Linear Target)	ফায়ার বিস্তার করার জন্য বিশেষ পদ্ধতি ব্যবহৃত হবে।
১৫।	“ধূমজাল টার্গেট” (Smoke Screen Target)	ধূম গোলা তৈরী রাখতে হবে। ফায়ার বিস্তার করার জন্য বিশেষ পদ্ধতি ব্যবহৃত হবে।
১৬।	“হাই এ্যাংগেল টার্গেট” (High Angle Target)	কামানকে হাই এ্যাংগেল ফায়ার করতে হবে। (পরিচ্ছেদ-৩৮)

৭। যখন এই বিশেষ আদেশগুলি দেওয়া হয়, তখন কামানের সংখ্যা ও ইহাদের সংগে সংযুক্ত করা হয় যেমন :-

“কামান প্রিসিশন টার্গেট” ।

“নং ২ কামান, রেজিস্ট্রেশন টার্গেট” ।

“ডান সেকশন ক্লোজ টার্গেট” ।

“ব্যাটারী ধাবমান টার্গেট” ।

“ব্যাটারী ভিকটর টার্গেট” ।

পরিচ্ছেদ ৭-গোলাবারুদ (Ammunition)

অবজারভারের আদেশ (Order by the Observer)

১। অবজারভারের আদেশে গোলাবারুদ সম্বন্ধে নিম্নলিখিত রীতি ব্যবহার হবে :-

- ক) যদি না অবজারভার দ্বারা অন্য রকজম আদেশ দেওয়া হয়, কমান্ড পোস্ট দূরত্ব নির্ধারণ ও কার্যকরী ফায়ারের জন্য পাকাসন ফিউজযুক্ত এইচ-ই গোলা আদেশ দিবে। যেমন “এইচ-ই ১১৭” অথবা “এইচ-ই ৫১” কিংবা “এইচ-ই ২” ।
- খ) গোলাবারুদ তৈরী রাখার দরকার হলে তা অবজারভারের আদেশে বলি দিতে হবে যে কয়টি গোলা লাগবে। টার্গেটের প্রকৃত হতে জানা যাবে যে কিরূপ গোলাবারুদ দরকার (তালিকা- ৬) ।
- গ) যদি অবজারভার পাকাসন ফিউজযুক্ত এইচ-ই ছাড়া অন্য কোন রকম গোলা ব্যবহার করতে ইচ্ছা করেন তবে তা উপযুক্ত সময়ে আদেশ দিতে হবে ।
- ঘ) সাধারণতঃ অবজারভার ক্লোজ টার্গেট ছাড়া চার্জ ও প্রোপেলেন্টের সম্বন্ধে কোন উল্লেখ করে না। কমান্ড পোস্ট সবচেয়ে উপযুক্ত চার্জ ও প্রোপেলেন্টের আদেশ দেয়। তবে কমান্ড পোস্ট পর্যবেক্ষকের অনুমতি ছাড়া ইহা পরিবর্তন করতে পারে না। যদি অবজারভার চার্জের আদেশ দেন তবে কমান্ড পোস্ট অবজারভারের অনুমতি ছাড়া চার্জ পরিবর্তন করবে না।

কমান্ড পোস্টের আদেশ (Order by CP)

- ২। কেমন গোলাবারুদ লাগবে তা টার্গেটের প্রকৃতির আদেশের পরেই জানান হয় যাতে গোলাবারুদ অবিলম্বে তৈরী করতে পারা যায়।
- ৩। দরকার হতে পারে এমন প্রতিটি আদেশের শিরোনাম, আদেশের ব্যবহারিক নিয়মাবলী সহ ৭নং তালিকাতে পর্যায়ক্রমে দেয়া হল।

তালিকা -৭ জিপিও’র গোলাবারুদের আদেশ

ক্রমিক নং	আদেশ	ব্যবহারের নিয়ম
১।	গোলা	গোলার প্রকৃতি সব সময় আদেশ করতে হবে। যথা- “এইচ-ই” । ফিউজের আদেশ সব সময় দিতে হবে যখন একের অধিক প্রকারের ফিউজ একই গোলাতে ব্যবহার করা হয়। যথা- “এইচ-ই ১১৭” বা ভিকটর ফিউজের জন্য “এইচ-ই ৯৭” । পাকাসন ফিউজ যা দ্বারা “দ্রুত” বা “বিলম্ব” ফায়ার করা যায় তার জন্য শুধু “বিলম্ব” আদেশ দেওয়া হয়। যথা- এইচ-ই এম ৫১” এইচ-ই ১১৯” বকুঝায়, যে ফিউজ ফায়ার করা হবে তাহা দ্রুত বা সরাসরি তৎপর হবে। এইচ-ই গোলার সংগে সময় বা পাকাসন ফিউজের জন্য “সময়” বা “পাকাসন” আদেশ দিতে হবে।
২।	ফিউজ	কিরূপ ব্যাণ্ডযুক্ত গোলা ব্যবহার করতে হবে তা নির্দেশ পরিস্কার ভাবে দিতে হবে যদি কামান স্থানের বিভিন্ন প্রকারের ব্যাণ্ডযুক্ত গোলা থাকে ও তাদের রেঞ্জ বিভিন্ন হয়। যথা “এইচ-ই ১১৭ এক ব্যাণ্ড” ।
৩।	ড্রাইভিং ব্যাণ্ড	প্রোপেলেন্টের প্রকৃতি সম্পর্কে আদেশ দিতে হবে যদি গান পজিশনে বিভিন্ন প্রকারের প্রোপেলেন্ট থাকে। যথা “এন কিউ” ।
৪।	প্রোপেলেন্ট প্রকৃতি	যে কামানের গোলাবারুদে বিভিন্ন চার্জ আছে তার জন্য চার্জের আদেশ খুবই দরকারী। যথা ‘এইচ-ই ১১৭, চার্জ ৩’ । ৩.৭ ইঞ্চি ভারি বিমান বিধ্বংসী কামানের জন্য “চার্জ হ্রাস” বা “চার্জ পুরা” এবং ১১৫ এম এম কামানের জন্য “চার্জ স্বাভাবিক” বা “চার্জ সুপার” আদেশ দিতে হয়।
৫।	চার্জ	

পরিচ্ছেদ ৮-টার্গেটের নির্দেশ (Indication of Target)

১। অবজারভারকর্তৃক নিম্নলিখিত উপায়ে টার্গেট নির্দেশ করা হয় :-

- (ক) টার্গেটের গ্রিড সূত্র দিয়া, যথা “গ্রিড সূত্র ২৩৪৯৫৮ উচ্চতা ১২৫০ ফিট/মিটার”।
- (খ) টার্গেট তালিকাভুক্ত হইলে তাহার অক্ষর ও নম্বর দিবে, যথা “টার্গেট এর ১২৯৫”।
- (গ) পূর্ব তালিকাভুক্ত টার্গেট হতে ও টি বিয়ারিং এর সাপেক্ষ সংমোদন দ্বারা, যথা “সূত্র টার্গেট পি ২৯৪৩ ও টি ১২২০ লি। ডানে (বা বামে) ২০০ বাড়াও (বা কমাও) ৪০০, উপরে (বা নীচে) ৭০ ফিট/মিটার”।
- (ঘ) পোলার কো-অর্ডিনেট (Polar Co-ordinate) দ্বারা (অবজারভার হইতে বিয়ারিং, দূরত্ব ও উচ্চতা পার্থক্য), অবশ্য যদি কমান্ড পোস্টে অবজারভারের স্থান আঁকা যাক, যা- “ওটি ৩০০ ডিগ্রী, দূরত্ব ১৫৫০ উপরে (বা নীচে) ৫০ ফিট/মিটার” কমান্ড পোস্ট প্রারম্ভিক ডিফ্লেকসন (Deflection)সাইট (Sight) এবং এলিভেশন (Elevation)

পরিচ্ছেদ ৯-ওটি বিয়ারিং (OT Bearing)

১। যখনই অবজারভার তার ফায়ার সংশোধন করতে ইচ্ছুক হয় তাকে টার্গেটের ওটি বিয়ারিং আদেশ করতে হবে। এই বিয়ারিং সাধারণতঃ অবজারভার হইতে টার্গেট বিয়ারিং।

যখন কামান টার্গেট বিয়ারিং ওটি বিয়ারিং হিসাবে ব্যবহার হয় তখন আদেশ এইরূপ হয় :-

“অবজারভার টার্গেট - ব্যাটারি টার্গেট”।

পরিচ্ছেদ ১০-কনসেন্ট্রেশন (Concentration)

প্যারালেলিজমের রীতি (Conventions Regarding Parallelism)

১। ব্যাটারির সমস্ত কামান, প্যারালাল (Parallel) রাখা হয় যতদূর পর্যন্ত নাতাহার অন্যথা আদেশ দেওয়া হয়।

কনসেন্ট্রেশন আদেশ দেওয়া উদ্দেশ্য (Purpose of Ordering concentration)

২। ব্যাটারির ফায়ার যদি এমন একটি টার্গেটকে আচ্ছাদন করিতে হয় যা ব্যাটারির বিস্তার (Frontage) হইতে সংকীর্ণ তবে কিছু পরিমাণ কনসেন্ট্রেশনের দরকার হয়।

টার্গেট ব্যাটারির বিস্তার হতে প্রশস্ত হলে তাকে হয় লিনিয়ার (Linear) কনসেন্ট্রেশন করণের মাধ্যমে ফায়ার বিস্তার করে নতুবা ফায়ারের দিক প্যারালাল রাখা সুইপ (Sweep) দ্বারা (পরিচ্ছেদ ২৮) টার্গেট আচ্ছাদন করতে হবে।

দরকারী সংশোধন বিরূপণ করার প্রণালী গোলন্দাজ শিক্ষ ৩/৩এ দেওয়া আছে।

অবজারভার হইতে কনসেন্ট্রেশনের জন্য আদেশ (Orders from the observer for Concentration)

৩। সমস্ত কামানের ফায়ার যদি এক বিন্দুতে পরিচালিত করিতে হয়, তা জন্য আদেশ হবে “কনসেন্ট্রেশন হবে নং এর উপর”। যে কামানের নং দেওয়া হবে সেই কামানের ফায়ারের দিক যেন সেই বিন্দুতে ছেদ করে। যদি কোন কামানের নং না দেওয়া হয় তখন কমান্ড পোস্ট ব্যাটারি কেন্দ্রের (Battery Centre) উপর কনসেন্ট্রেশন আদেশ দিবে।

সমস্ত কামান গুলিকে এক বিন্দুতে, ঘনীভূত (Concentrate) করিবার জন্য যে কনসেন্ট্রেশন কারেকশনের দরকার তা নির্ণয় করার এবং আদেশ করার দায়িত্ব কমান্ড পোস্টের।

৪। যখন টার্গেট একটি বিন্দু নয় কিন্তু ব্যাটারি বিস্তার হতে সংকীর্ণ তখনও অবজারভার ৩নং অনুচ্ছেদ অনুযায়ী কনসেন্ট্রেশন করতে পারে।

৫। যখন টার্গেট ব্যাটারি বিস্তার হতে প্রশস্ত তখন লিনিয়ার কনসেন্ট্রেশন দ্বারা টার্গেটকে আচ্ছাদন করা যে^৩ পারে।

৬। অবজারভার কনসেন্ট্রেশন সম্বন্ধীয় পূর্ব আদেশে নিম্নলিখিত উপায়ে বাতিল করতে পারে :-

- ক) নতুন প্রারম্ভিক আদেশ দিয়া।
- খ) আদেশ “প্যারালার নং (যে কোন আবশ্যকীয় কামান)” দিয়া।

যখন বিশেষ কোন কামানের উল্লেখ না করা হয় তখন কমান্ড পোস্ট সমস্ত কামানগুলিকে ব্যাটারি কেন্দ্রের উপর প্যারালার করবে।

কমান্ড পোস্ট হইতে কনসেন্ট্রেশনের জন্য আদেশ (Orders for concentration from the CP)

৭। কনসেন্ট্রেশনের জন্য ফায়ারের দিন ঠিক করতে যে পরিমাণ ডিফ্লেকশনের সংশোধনের দরকার সেই পরিমাণ সংশোধন প্রতিটি কামানকে আদেশ করা হয়। যথা :-

“কনসেন্ট্রেন্ট”	“কনসেন্ট্রেন্ট”
“নং ১ বাম ৫৫ মিনিট”	“নং ১ বাম ১৫” (মিলস)
“নং ২ বাম ৩০ মিনিট”	“নং ২ বাম ৯” (মিলস)
“নং ৩ বাম ১০ মিনিট”	“নং ৩ বাম ৩” (মিলস)
“নং ৪ ডান ১৫ মিনিট” অথবা	“নং ৪ ডান ২” (মিলস)
“নং ৫ ডান ৩০ মিনিট”	“নং ৫ ডান ৬” (মিলস)
“নং ৬ বাম ১ ডিগ্রি”	“নং ৬ ডান ১০” (মিলস)

এই সংশোধন নিম্ন প্রকারে প্রয়োগ করা হয় :-

- (ক) যুক্ত রাজ্যের কামানে। প্রতিটি নং ১ আদেশকৃত সংশোধন ডিফ্লেকশন প্রয়োগ করি সংশোধিত ডিফ্লেকশন তার স্থাপনকারীকে (Layer) আদেশ করার জন্য দায়ী।
- (খ) মার্কিন কামানে। সংশোধন যদি ২০ মিলস এর নিম্নে হয় তখন তা যে দিকে আদেশ করা হয় সেদিকে গানারস এইডকে (Gunners aid) প্রয়োগ করা হয়। যদি ২০ মিলস এর বেশি হয় তবে প্রয়োগ করার নিয়ম যুক্তরাজ্যের কামানের প্রণালী অনুযায়ী হবে।

৮। নিম্নলিখিত আদেশে কমান্ড পোস্ট দ্বারা প্রেরিত কনসেন্ট্রেশনের আদেশ বাতিল হয় :-

- (ক) “কনসেন্ট্রেশন বাতিল কর”।
- (খ) “প্যারালার নং -----”।
- (গ) নতুন কনসেন্ট্রেশনের আদেশ।
- (ঘ) নতুন প্রারম্ভিক আদেশ।

পরিচ্ছেদ ১১-ডিফ্লেকশন (Deflection)

১। নিম্নলিখিত আকারে ডিফ্লেকশনের আদেশ করা হয় :-

- (ক) ডিফ্লেকশন যাহা ডায়াল সাইট (Dial Sight) বা প্যানোরামিক টেলিস্কোপের (Panoramic telescope) স্লিপিং স্কেলে (Sliping Scale) ঠিক যেমন আদেশ দেওয়া হয় তেমনি লাগাতে হয়। যথা “ডিফ্লেকশন ----- ডিগ্রী ----- মিনিট” বা “ডিফ্লেকশন -----” (মিলস)।
- (খ) কামান যে দিকে স্থাপন করা হয় তা হতে ডিফ্লেকশন পরিবর্তন, অর্থাৎ স্লিপিং স্কেলের বর্তমান সংখ্যাতে একটি ক্রম বর্দ্ধিষ্ণু সংশোধন প্রয়োগ করতে হবে। যথা ---- “ডান (বা বাম) ----- ডিগ্রী ----- মিনিট”। এইরূপে আদেশ যুক্তরাজ্যের তৈয়ারী কামানে ব্যবহৃত হয়, যখন বড় দৃষ্টিকোণে (Large angle of Sight) স্থাপন করতে হয়, হাই এ্যাংগেল (High angle) ফায়ার এবং প্রত্যক্ষ স্থাপনে (Direct laying)।

২। সুট চলাকালীন আদেশ। যে ডিফ্লেকশনে কামানকে স্থাপন করতে হবে, কমান্ড পোস্ট সেই ডিফ্লেকশন আদেশ করবে। ডিফ্লেকশন পরিবর্তন শুধুমাত্র যুক্তরাজ্যের তৈয়ারী কামানে লাগান হবে। কোন অবস্থায় এইরূপ হবে তাহা উপরে বর্ণনা করা হয়েছে।

৩। নন-স্ট্যান্ডার্ড (Non-Standard) গোলাবারুদ। কিছু সংখ্যক যুক্তরাজ্যের কামানের এমন গোলা আছে যে গুলি গৃহীত মানের (Standard) প্রোজেকটাইল হতে পৃথক ভাবে ড্রিফট করে। কারণ গৃহীত মানের প্রোজেকটাইলের জন্য ঐ ধরনের কামানের সাইট পরিকল্পনা করা হয়েছে। উদাহরণ, ২৫ পাউন্ডার ধুম-গোলা। ব্যবহৃত গোলা অনুযায়ী উপযুক্ত ডিফ্লেকশনের আদেশের জন্য অতিরিক্ত সংশোধন প্রয়োজন।

৪। সুট চলাকালে, কামান সব সময় শেষ আদেশকৃত ডিফ্লেকশন উপর স্থাপিত থাকবে।

পরিচ্ছেদ ১২-ক্লাইনোমিটার স্থাপন (Clinometer laying)

সাধারণ

১। “ক্লাইনোমিটার স্থাপন” হইতে এই প্রকাশ হয় যে কামানে, কোয়াড্রেন্ট এলিভেশনের (quadrant elevation) জন্য ক্লাইনোমিটার বা গানারস কোয়াড্রেন্ট (Gunner's quadrant) ব্যবহৃত হবে।

২। কিছু কামানের ইহাই এলিভেশন স্থাপনের জন্য স্বাভাবিক প্রণালী। বেশী ভাগ কামানেই এলিভেশন, সাধারণতঃ সাই (Sight) ক্লাইনোমিটার অবস্থান পরিমাপক (Sight Scale) এবং টানজেন্ট (tangent) পরিমাপক দ্বারা স্থাপন করা হয়।

৩। ক্লাইনোমিটার স্থাপন সেই সমস্ত কামানের জন্য আদেশ করা হয় যার এলিভেশন স্থাপনের ব্যবস্থা অন্য কিছু দ্বারা হয়। ইহার কারণ :-

- ক) যখন এলিভেশন স্কেল নষ্ট হয় গিয়াছে বা ব্যবহার করা যাবে না।
- খ) যখন এলিভেশনের জন্য নির্ভুল স্থাপন দরকার। যথা-প্রিসিশন টার্গেট।
- গ) যখন সাইট ক্লাইনোমিটার কিংবা সাইট পরিমাপক নষ্ট হয়েছে।

অবজার্ভারের আদেশ (Orders by the Observer)

৪। যখন অবজার্ভার ক্লাইনোমিটার দ্বারা স্থাপন ব্যবহার করতে চায় তখন “ক্লাইনোমিটার স্থাপন” আদেশ দিবে (অবশ্য যদি ইহাই স্বাভাবিক স্থাপনের ব্যবস্থা না হয়)।

কমান্ড পোস্টের আদেশ (Orders by the CP)

৫। যদি কামানে স্বাভাবিক স্থাপনের ব্যবস্থা ক্লাইনোমিটার না হয় তখন কমান্ড পোস্ট নিজ প্রারম্ভিক আদেশে “ক্লাইনোমিটার স্থাপন” আদেশ দিবে।

ক্লাইনোমিটার স্থাপনই যদি স্বাভাবিক স্থাপনের ব্যবস্থা হয় তবে সেই রূপ কোন আদেশ দেওয়া প্রয়োজন হবে না।

৬। কোয়াড্রেন্ট এলিভেশন যাহাতে কামানকে স্থাপন করিতে হইবে তাহা দুই ভাবে আদেশ দেওয়া হয় :-

- (ক) কামান সংশোধন (Gun correction), যাহা প্রতিটি কামানের জন্য পৃথক পৃথক সংশোধন (পরিচ্ছেদ ১৪) প্রযোজ্য।
- (খ) এলিভেশন (elevation), যাহা সকল কামানের জন্য এক। ইহা ডিগ্রী এবং মিনিট বা মিলে আদেশ করা হয়।

৭। সুট চলাকালীন যদি ক্লাইনোমিটার স্থাপন দরকার হয় তবে কমান্ড পোস্ট আদেশ দিবে :-

“ক্লাইনোমিটার স্থাপন :- রিপোর্ট কিউ-ই (Clinometer laying Report QE)” এই অবস্থায় কামানের শেষ আদেশের ডিফ্লেকশন এলিভেশন মাপা হইলে ফিল্ড ক্লাইনোমিটার বা কামান ট্যানজেন্ট দ্বারা এবং উহা কমান্ড পোস্টে নং ১ রিপোর্ট করিবে ও সংগে ইনডেক্স এর (Index error) ও ইংগিত করিবে।

যখন সুটে একটি কামান জড়িত থাকে তখন কামান সংশোধন ব্যবহার করা হয় না। দরকার মত কোয়াড্রেন্ট এলিভেশন, ফায়ার ছক (GFT) রেঞ্জ টেবিলের (Range table) ২৪নং কলাম দ্বারা পরিবর্তন করা হয়।

পরিচ্ছেদ ১৩-সাইট (Site)

অবজারভার আদেশ

১। সুটের সময় অবজারভার “সাইট নামাও (বাতাল)” আদেশে সাইট পরিবর্তন করতে পারে, কিংবা নতুন উচ্চতা বা পরিবর্তন আদেশ করি়া থাকে। (সারণী--২)।

কমান্ড পোস্ট দ্বারা আদেশ

২। অনুচ্ছেদ ৬ অনুযায়ী ছাড়া, কমান্ড পোস্ট হতে প্রারম্ভিক আদেশে সাইটের পরিমাণ যা বাস্তবিক সাইট ক্লাইনোমিটারে লাগান হবে তা নিম্নলিখিত আকারে পাঠান হয় :

“সাইট ৩০৫” কিংবা

“সাইট ১ ডিগ্রী ২০ মিনিট এলিভেসন (কিংবা ডিপ্রেসন)”।

৩। সুট চলাকালীন, নতুন সাইট অথবা সাইট তোলা/নামাও ----- মিনিট (মিল) আদেশ করি়া সাইট পরিবর্তন করা যায়।

ক্লাইনোমিটার দ্বারা স্থাপনে কমান্ড পোস্ট হইতে আদেশ

৪। ক্লাইনোমিটার দ্বারা স্থাপনে (পরিচ্ছেদ-১২) সাইট, কোয়ডরেন্ট এলিভেসনে অন্তর্ভুক্ত করা হয় যা ফিল্ড ক্লাইনোমিটার বা গানারস এইডে লাগানো হয়

৫। কামান, যাতে স্বয়ংক্রিয় ড্রিফট (Drift) কমপেনসেশন (Compensation) আছে, সাইট ক্লাইনোমিটারে তদরিক্ত ঠিক সাইটও লাগাতে হবে যাতে সঠিক ড্রিফট সংশোধন পাওয়া যায়। সেই জন্য এই সমস্ত কামানে, কমান্ড পোস্ট কে তারা প্রারম্ভিক আদেশের ঠিক পর্যায় সাইট আদেশ করতে হবে। ইহা ছাড়া কামান সংশোধন ও সাইট অন্তর্ভুক্ত করতে হবে।

৬। কামান, যাতে স্বয়ংক্রিয় ড্রিফট ক্ষতি পূরণ নাই, তাতে সাইটের জন্য পৃথক আদেশ দেওয়া হয় না।

৭। সুট চলাকালে কমান্ড পোস্ট অবজারভারের আদেশ ছাড়া সাইটের মধ্যে কোন পরিবর্তন করবে না যেমন, কমান্ড পোস্ট প্রারম্ভিক সাইট পরিবর্তন করবে না। যদিও অবজারভারের সংশোধনের জন্য টার্গেটের উচ্চতার মধ্যে পরিবর্তন হয়।

পরিচ্ছেদ ১৪-কামান সংশোধন (Gun Correction)

সাধারণ

১। স্থান সংশোধন (Position Correction) মাজুলে গতি পরিবর্তনের (MV Variation) জন্য অধিদের (Allowance) হিসাবে কামান সংশোধন (Gun Correction) আদেশ করা হয়। কামান সংশোধন নির্ণয় করিবার প্রণালী গোলন্দাজ শিক্ষার ৩/৩ পুস্তিকায় দেওয়া আছে।

অবজারভারের আদেশ

২। যখনই অবজারভার কামান সংশোধন ব্যবহার করিতে ইচ্ছুক হয় তখন সে আদেশ দেয় “কামান সংশোধন হবে (Use Gun Correction)”।

কমান্ড পোস্টের আদেশ

৩। নিম্নলিখিত পরিস্থিতি ছাড়া কমান্ড পোস্ট কামান সংশোধনের আদেশ দিবে না :-

(ক) যখন অবজারভার “কামান সংশোধন হবে” আদেশ দিয়াছে।

- (খ) যখন স্থান সংশোধন ও মাজএল গতি পরিবর্তনের সমষ্টি কোন কামানে ১০০ গজ/মিটারের বেশি হয় তখনই সেই কামানকে কামান সংশোধন আদেশ করে।
- (গ) লিনিয়ার কনসেনট্রেশন বা ধুম্রজাল টার্গেট এনগেজ করার সময় কামান সংশোধন শেষ ত্যাগিত প্রয়োগ করা হবে। যা কামানকে কার্যকরী ফায়ারের জন্য আদেশ করা হবে।

৪। কমান্ড পোষ্ট সংশোধন নিম্নলিখিত আকারে করবে :-

- (ক) যখন ক্লাইনোমিটার স্থাপন বলবৎ আছে বা যেসব কামানে স্বভাবতঃ কিউ-ই (QE) দ্বারা স্থাপন হয় এই উভয়বিধ ক্ষেত্র কামান সংশোধন হিসাবে। যেমন, “কামান সংশোধন, নং ১ যোগ ১০ মিনিট” কিংবা “কামান সংশোধন, নং ২ বিয়োগ ২ নং ৬ যোগ ৬”। প্রতিটি কামানের নং ১, ফিল্ড ক্লাইনোমিটার পরিমাপকে (QE Scale) প্রয়োগ করার জন্য এলিভেসন আদেশ করার পূর্বে কমান্ড পোষ্ট হতে আদেশকৃত পরবর্তী সমস্ত এলিভেসনে ইহা যোগ করবে।
- (খ) বাকী সমস্ত অবস্থাতে কামান সংশোধন সাইট রূপে আদেশ করা হয় এবং উহা ক্লাইনোমিটার বা সাইট পরিমাপকে প্রয়োগ করা হয়।

৫। কামান সংশোধন বাতিল করা হয় :-

- (ক) “কামান সংশোধন বাতিল কর” আদেশ।
- (খ) নতুন কামান সংশোধন দ্বারা।
- (গ) নতুন পর্যায়ক্রমে প্রারম্ভিক আদেশে।

পরিচ্ছেদ ১৫-“হুকুমে ফায়ার” (Fire by Order)

- ১। এই আদেশ সুটের যে কোন অবস্থায় দেওয়া যেতে পারে। ইহার উদ্দেশ্য ইহাই নিশ্চিত করা যে সুটের অবশিষ্ট গোলার গোলার বিস্ফোরণ ঠিক যে সময় প্রয়োজন সেই সময়ই ফায়ার হয়।
- ২। যখন “হুকুমে ফায়ার” আদেশ করা হয় তখন কামানকে যে ফায়ার আদেশ দেওয়া হয় সেইমতে প্রস্তুত করা হয় এবং “প্রস্তুত” রিপোর্ট দেওয়া হয়।
- ৩। নির্বাহীকে (Executive) আদেশ “ফায়ার” ছাড়া প্রথম গোলা ফায়ার করা হবে না। ফায়ার আদেশের পরবর্তী গোলা উপযুক্ত সময়ে অন্য কোন আদেশ ছাড়াই ফায়ার করা হবে।
- ৪। “হুকুমে ফায়ার” আদেশ করিলে তাহা শুধুমাত্র “হুকুমে ফায়ার বাতিল” বা নতুন পর্যায়ক্রমে প্রারম্ভিক আদেশ বাতিল হয়।
- ৫। এই নিয়মাবলীর ব্যবহারের উদাহরণ ৮নং সারণীতে দেওয়া হল।

সারণী নং ৮-“হুকুমে ফায়ার” ব্যবহারের উদাহরণ

ক্রমিক নং	কমান্ড পোস্টের আদেশ	কার্যক্রম (Action)
১।	“হুকুমে ফায়ার, এলিভেন ৩১৫, ২ গোলা ফায়ার”।	কামান লোড করা, স্থাপন করা ও প্রস্তুত রিপোর্ট করা হয়।
২।	“ফায়ার”	প্রতিটি কামান দুইবার ফায়ার করে, প্রথমবার অবিলম্বে এবং দ্বিতীয় বার যখনই কামান আবার প্রস্তুত হয়।
৩।	“এলিভেসন ৩২৫.১ গোলা ব্যাটারী ফায়ার”।	কামান লোড করা, স্থাপন করা ও প্রস্তুত করা হয়।
৪।	“ফায়ার”	ডান পাশেরটি অবিলম্বে এবং অন্যগুলি ঠিক বিরতির (Interval) পর কামান ফায়ার করা হয়।

৬। যদি “হুকুমে ফায়ার” কার্যকরী থাকাকালে অবজার্ভার আদেশ করে টার এনগেজ (Engage at Hrs) বা টি ও টি টার (TOT hrs) (পরিচ্ছেদ ২৯), তখন কমান্ড পোস্ট যথা সময়ে কামানগুলিকে ফায়ার করতে আদেশ করিবে ও ইহার জন্য অবজার্ভার হইতে পৃথক “ফায়ার” আদেশ দরকা হবে।

পরিচ্ছেদ ১৬-রেঞ্জিং এর পদ্ধতি (Method of Ranging)

১। নিম্নলিখিত রেঞ্জিং পদ্ধতির যে কোন একটি ব্যবহার করা যেতে পারে যখন টার্গেটের উপর অবজার্ভার দ্বারা ফায়ার সংশোধন করতে হয় :-

(ক) সেকশন রেঞ্জিং (Section ranging)।

(খ) কামান রেঞ্জিং (Single gun Ranging)।

(গ) সমষ্টি রেঞ্জিং (Salvo Ranging)।

২। সুটের প্রথম গোলা ফায়ার করার বা যখন “হুকুমে ফায়ার” বলবৎ আছে তার সম্বন্ধে নিয়মাদি ১৫, ২৩ এবং ২৪ পরিচ্ছেদে দেয়া আছে।

সেকশন রেঞ্জিং

৩। ইহাই সবচেয়ে সুবিধাজনক রেঞ্জিং পদ্ধতি। ইহার সাধারণ আদেশ “ডান (মধ্য বা বাম) রেঞ্জিং” (right centre of left ranging) যখন অবজার্ভার “সেকশন টার্গেট” আদেশ র^১য়^২াছ (পরিচ্ছেদ ৬, সারণী ৫) তখন অবজার্ভার হতে আদেশ হবে। “সেকশন রেঞ্জিং” কারণ অবজার্ভার জানে না যে, কোন সেকশনকে টার্গেট নিযুক্ত করার জন্য মনোনীত করা হ^১য়^২াছ।

৪। যদি অবজার্ভার রেঞ্জিং পদ্ধতি বা কার্যকরী ফায়ারের প্রণালী আদেশ না করে তবে সাধারণতঃ কমান্ড পোস্ট “মধ্য রেঞ্জিং” (Centre Ranging) আদেশ করবে।

৫। সমস্ত কামানই আদেশকৃত এলিভেসনের স্থাপিত হয় এবং আদেশকৃত রেঞ্জিং সেকশনের ডান কামান লোড ও ফায়ার করে। এলিভেসনের আদেশই, ফায়ার করার জন্য আদেশ।

৬। যখন অবজার্ভার সেকশন রেঞ্জিং আদেশ দিয়েছে তখন কমান্ড পোস্ট ইচ্ছামত অবজার্ভারের বিনা অনুমতিতে রেঞ্জিং কামান (Ranging Gun) বা সেকশন বদলাতে পারেন না। (পরিচ্ছেদ ৩৫)।

একক কামানা রেঞ্জিং (Single Gun Ranging)

- ৭। যখন উদ্দেশ্যমূলক রেঞ্জিং দরকার হয় তখন এই পদ্ধতি ব্যবহৃত হয়।
- ৮। অবজার্ভারের আদেশ “কামান রেঞ্জিং” কিন্তু অবজার্ভার কামানেরও নির্দেশ দিতে পারে যেমন “নং রেঞ্জিং”।
- ৯। সমস্ত কামানই আদেশকৃত এলিভেশনের স্থাপন করা হয় এবং রেঞ্জিং কামান ফায়ার করে। এলিভেশনের আদেই ফায়ার করার জন্য আদেশ।
- ১০। এই পদ্ধতিতে কমান্ড পোস্ট অবজার্ভারের বিনা অনুমতিতে রেঞ্জিং কামান পরিবর্তন করবে না।
- ১১। একক কামান টার্গেট, অবজার্ভার দ্বারা রেঞ্জিং পদ্ধতি বাদ দেওয়া যেতে পারে এবং কমান্ড পোস্ট আদেশ দিবে “নং রেঞ্জিং”।
- ১২। যখন একটি গোলায় পার্থক্য বুঝতে অসুবিধা হয় বা যখন একটির বেশী কামানের এম পি আই (mpi) সংশোধনের ইচ্ছা থাকে তখন এই পদ্ধতি ব্যবহৃত হয় যেমন পল্টন বা ডিভিশনের কনসেন্ট্রেশনের জন্য রেঞ্জিং করানো।
- ১৩। আদেশ “সমষ্টি রেঞ্জিং” (Salvo Ranging)
- ১৪। সমস্ত কামানই আদেশকৃত এলিভেশনে স্থাপন করা হয়। কামানের প্রস্তুতির রিপোর্ট কমান্ড পোস্টে দেওয়া হয় এবং নং ‘ বা কমান্ড পোস্ট হতে আদেশ পলে “সমষ্টি ফায়ার” আদেশ দেয়।

পরিচ্ছেদ ১৭-কামান লোড করিবার আদেশ

পারকাসন বা ভি টি ফিউজের আদেশের জন্য প্রযোজ্য নিয়ম (Rules applicable when percussion or Fuzes have been ordered)

- ১। কোন সুট যখনই রেঞ্জিং বা কার্যকরী ফায়ারের সম্বন্ধে আদেশ দেওয়া হয় তখন প্রথম বারের মত কামান লোড হয়, যেমন :-
 - (ক) কামান রেঞ্জিং আদেশে শুধুমাত্র রেঞ্জিং সেকশনের ডান কামানটি লোড করা হয়।
 - (খ) সেকশন রেঞ্জিং আদেশে রেঞ্জিং সেকশনের ডান কামানটি লোড করা হয়।
 - (গ) সমষ্টি রেঞ্জিং বা কার্যকরী ফায়ারের প্রণালী আদেশে, যাতে সম্পূর্ণ ব্যাটারী প্রভাবিত হয়, তখন ব্যাটারির সমস্ত কামান লোড করা হয়।
 - (ঘ) এর পর কামান গুলি ২ ও ৩ অনুচ্ছেদের বৃত্তান্ত অনুযায়ী পুনঃ লোড করা হয়।
- ২। রেঞ্জিং-এ-নিম্নলিখিত নিয়মাবলী প্রয়োগ হয় :-
 - (ক) রেঞ্জিং এর সময়, রেঞ্জিং কামান হবার পরই লোড করা হয়।
 - (খ) কার্যকরী ফায়ারের পর যদি রেঞ্জিং পদ্ধতি আদেশ করা হয়, তখন অনুচ্ছেদ দেওয়া নিয়মাবলী প্রয়োগ হবে।
- ৩। যখন রেঞ্জিং কামানে একরূপ গোলাবারুদ লোড আছে এবং অন্যরূপ গোলাবারুদের দরকার যেমন ধুম্র গোলা তখন কমান্ড পোস্ট সেই কামানকে এক গোলা কামান ফায়ারের আদেশে সর্বশেষ ডিফ্লেকসনে এবং এলিভেশনে এক গোলা ফায়ার করবে এবং কামানকে খালি করবে। অবজার্ভারকে এ সম্বন্ধে রিপোর্ট করতে হয় যথা “সুট এইচ-ই”।
- ৪। কার্যকরী ফায়ার- নিম্নলিখিত নিয়ম প্রয়োগ হবে :-

- (ক) কামান ফায়ার করার হার (Rate) বজায় রাখার জন্য যতশীঘ্র পুনঃ লোড করার দরকার তার চাইতে শীঘ্র পুনঃ লোড করার দরকার তার চাইতে শীঘ্র লোড করবে না।
- (খ) কার্যকরী ফায়ার সমাপ্তির পর কামানে পুনঃ লোড করা হইবে না যতক্ষণ পর্যন্ত না কমান্ড পোস্ট নতুন রেঞ্জিং-এর আদেশ বা কার্যকরী ফায়ারের আদেশ দেয়।

সময় ও পারকাসন বা সি ভিটি ফিউজের আদেশের জন্য প্রযোজ্য নিয়ম (Rules applicable when time and percussion or CVT Fuzes have been ordered)

- ৫। যখন “পারকাসন” আদেশ দেওয়া হয় তখন পারকাসন ফিউজের নিয়মাবলী ব্যবহৃত হবে। বিস্ফোরণের জন্য ফিউজে পারকাসন লাগান হবে।
- ৬। যদি “সময়” আদেশে দেওয়া হয় তখন নিম্নলিখিত নিয়ম প্রযোজ্য হবে। ফিউজ লাগান হয় যাতে গোলা আকাশ বিস্ফোরণ হয়।
- এই নিয়মাবলী সি ভি টি ফিউজের জন্য প্রযোজ্য হবে।
- ৭। কোন কামানকে লোড করা হবে না যতক্ষণ পর্যন্ত না রেঞ্জিং পদ্ধতি বা কার্যকরী ফায়ার এবং ফিউজের পরিমাণ কামান গুলিকে আদেশ করা হয়।
- ৮। একবার লোড করিবার পরে কামান বা কামানগুড়ুলি পুনরায় রেঞ্জিং-এর সময় লোড হবে যখন নতুন এলিভেশন আদেশ দেওয়া হবে এবং কার্যকরী ফায়ারের সময় যখন নতুন কার্যকরী ফায়ারের পদ্ধতি আদেশ করা হবে।

পরিচ্ছেদ ১৮- ফিউজ পরিমাণ

- ১। যখন টাইম ও পারকাসন ফিউজ দ্বারা আকাশে বিস্ফোরক ফায়ারের প্রয়োজন হয়, যখন প্রতিটি কামানের জন্য ফিউজ পরিমাণ কমান্ড পোস্টই আদেশ দেয়। কমান্ড পোস্ট প্রতিটি এলিভেশনের জন্য ফিউজ পরিমাণ নির্ধারণ করিবার জন্য দায়ী।

মাজল বেগ পরিবর্তন (MVV) এবং স্থান সংশোধনের (Position Correction) জন্য দূরত্বের পার্থক্যের জন্য ও অধিদের (Allowance) রাখিতে হইবে। এই সংশোধন ফিউজ সংশোধন হিসাবে ব্যবহার করা হয়, যেমন :-

“ফিউজ সংশোধন, নং ১ দীর্ঘতর দশমিক ৪।
নং ২ ক্ষুদ্রতর দশমিক ২ ইত্যাদি”।

এই ফিউজ সংশোধন সমস্ত নং ১ সুট চলাকালীন আদেশকৃত পরবর্তীম্মস্ত ফিউজ পরিমাণে প্রয়োগ করবে। ইহা বাতিল হয় যদি নতুন ফিউজ সংশোধন বা নতুন পর্যায়ক্রমে পরিমাণে প্রয়োগ করবে। ইহা বাতিল হয় যদি নতুন ফিউজ সংশোধন বা নতুন পর্যায়ক্রমে প্রারম্ভিক আদেশ দেওয়া হয়। (ফিউজ সংশোধন নিরূপণের প্রণালী গোলন্দাজ শিক্ষার পুস্তিকা ৩/৩ দেওয়া আছে)। ধুম্র গোলা নিক্ষেপের জন্য ফিউজ সংশোধন নিরূপণ হয় না। প্রোগ্রাম সুটে কামান প্রোগ্রাম, ফিউজ সংশোধন ফিউজ দৈর্ঘ্যের সংগে সম্মিলিত করা হইয়াছে।

ফিউজের পরিমাণ আদেশের নিয়ম

- ২। যে আকারে কমান্ড পোস্ট দ্বারা ফিউজ পরিমাণ আদেশ করা হয়, তাহা ৩নং পরিচ্ছেদে সারণী ১-এ দেওয়া আছে।

আদেশকৃত ফিউজ পরিমাণ বলবৎ থাকে যতক্ষণ পর্যন্ত না তাহা বাতিল করা হয় নতুন ফিউজ পরিমাণ বা ফিউজ পরিমাণের কোন সংশোধন আদেশে বা গোলাবারুদ সম্বন্ধে আদেশ বা নতুন পর্যায়ক্রমে প্রারম্ভিক আদেশে।

সাধারণতঃ কমান্ড পোস্ট প্রকৃত ফিউজ পরিমাণ আদেশ করিবে কিন্তু যখন পৃথক পৃথক ফিউজ পরিমাণ কামানকে আদেশ করা হইয়াছে এবং একটি কামান সংশোধন প্রতিটি কামানের জন্য দরকার তখন কমান্ড পোস্ট ইহা ক্রমবধিষ্ণু আকারে সংশোধন আদেশ করবে। যথা :-

“দীর্ঘতম (বা ক্ষুদ্রতর) ফিউজ”।

৩। অবজার্ভার ফিউজ পরিমাণ আদেশ করে না তবে অবজার্ভার ফিউজ পরিমাণের সংশোধন “দীর্ঘতর (ক্ষুদ্রতর) ফিউজ” আদেশ দ্বারা করতে পারে। এই সংশোধনগুলি ক্রমবধিষ্ণু এবং জমানো সংশোধনের সমষ্টি ছাড়া যে সমস্ত সংশোধন ননস্ট্যান্ডার্ড অবস্থার (Non-Standard Condition) জন্য ইতিপূর্বে প্রয়োগ করা হয়। সবগুলি কমান্ড পোস্ট এলিভেশন আদেশ করার সময় ফায়ার ছক (GFT) ফিউজ পরিমাণে প্রয়োগ করে। এই সংশোধন নতুন পর্যায়ক্রমে প্রারম্ভিক আদেশের বাতিল হয়।

পরিচ্ছেদ ১৯-এলিভেশন (Elevation)

সাধারণ

১। কমান্ড পোস্ট কামানকে এলিভেশন আদেশ ডিগ্রী এবং মিনিটে বা মিলসে দিবে।

প্রারম্ভিক

২। কমান্ড পোস্ট হতে প্রারম্ভিক আদেশে প্রকৃত এলিভেশন ১নং অনুচ্ছেদ অনুযায়ী সব সময় আদেশ করতে হবে।

রেঞ্জিং করাকালীন আদেশ

৩। রেঞ্জিং-এর সময় কামানকে প্রতিটি গোলা ফায়ারের জন্য এলিভেশন আদেশ করতে হবে।

৪। কমান্ড পোস্ট কামানকে প্রকৃত এলিভেশন আদেশ করিবে এবং “বিয়োগ” “পুনরায়” প্রভৃতি আদেশ দিবে না।

কার্যকরী ফায়ারের সময় আদেশ

৫। কার্যকরী ফায়ারের প্রথম গোলার জন্য কমান্ড পোস্ট প্রকৃত এলিভেশন আদেশ করবে। প্রতিটি এলিভেশন পরিবর্তনের জন্য, ডি পি ও কামানকে প্রকৃত এলিভেশন আদেশ করবে।

৬। কার্যকরী ফায়ারের সময় এলিভেশনের কোন পরিবর্তন হয় না যতক্ষণ পর্যন্ত না নতুন এলিভেশন দ্বারা পরিবর্তন করা হয়। কার্যকরী ফায়ারের জন্য নতুন আদেশে যদি এলিভেশন সম্বন্ধে কোন আদেশ না থাকে পূর্বে আদেশকৃত এলিভেশনে ফায়ার হবে।

উদাহরণ

৭। উপরোক্ত নিয়মাবলীর ব্যবহার নং ৯ সারণীতে ব্যাখ্যা করা হল।

সারণী ৯-এলিভেশন আদেশের উদাহরণ

ক্রমিক নং	অবজার্ভারের আদেশ	কমান্ড পোস্ট হতে আদেশ	মন্তব্য
১।	“বেশী ১০০, ১ গোলা কামান ফায়ার”।	“ডিফ্লেকসন ১৬৫২, এলিভেশন ২১৯, ১ গোলা কামান ফায়ার”।	সমস্ত কামানগুলি এলিভেশন ২১৯ এ ফায়ার করবে। সব কামান ফায়ার।
২।	“নং ১ ডাইনে ৫০, ১ গোলা কামান ফায়ার”।	“১ ডিফ্লেকসন ১৬৫৭ এলিভেশন ২২১, ১ গোলা কামান ফায়ার”।	নং ১ এলিভেশন ২২১ এ এবং অন্যরা এলিভেশন ২১৯।
৩।	“৫ গোলা কামান ফায়ার”	“৫ গোলা কামান ফায়ার”	সব কামানগুলিই ৫টি করিয়া গোলা পূর্ব উল্লেখিত এলিভেশনে ফায়ার করবে।

নন-স্ট্যান্ডার্ড গোলাবারুদ (Non-Standard Ammunition)

৮। কিছু সংখ্যা কামানের এমন গোলা ও ফিউজ আছে যাহার রেঞ্জ, স্ট্যান্ডার্ড (Standard) প্রজেক্টাইল (Projectile) হতে পৃথক যার জন্য রেঞ্জ সারণী (Range Table) তৈয়ার করা হয়।

যে রূপ প্রজেক্টাইল ব্যবহৃত হচ্ছে সেই অনুযায়ী উপযুক্ত এলিভেশন আদেশ করার জন্য কমান্ড পোস্টই দায়ী এবং পরবর্তী সমস্ত এলিভেশন এ এই সংশোধন যোগ করবে।

এলিভেশন যাহাতে কামান স্থাপিত হয়

৯। সুট চলাকালীন কামান সব সময় সর্বশেষ আদেশের এলিভেশনে স্থাপিত থাকে।

পরিচ্ছেদ ২০-কার্যকরী ফায়ারের পদ্ধতি (Method of fire for effect)

১। নিম্নলিখিত পদ্ধতি যে কোন একটির দ্বারা কার্যকরী ফায়ার প্রয়োগ করা যেতে পারে :-

- (ক) কামান ফায়ার (Gun Fire)
- (খ) ব্যাটারি ফায়ার (Battery Fire)
- (গ) স্কেল (Scale)

অংশগ্রহণকারী কামানের সংখ্যা (Number of Guns Involved)

২। প্রারম্ভিক আদেশে উল্লিখিত কসমস্ত কামানের জন্য কার্যকরী ফায়ার প্রযোজ্য। যদি কম সংখ্যক কামানের দরকার হয়, তখন ইউনিট বা কামান যার মধ্যে ফায়ার নিবদ্ধ থাকবে তা, গোলার সংখ্যারপূর্বে উল্লেখ করি দিতে হবে।

নিম্নলিখিত উদাহরণে এই নিয়মের ব্যবহার দেখান হয়েছে :-

“১ গোলা কামান ফায়ার”। ব্যাটারির প্রতিটি কামান ১টি গুলি গোলা ফায়ার করবে।

“২৩, নং ১, ১ গোলা কামান ফায়ার”। পাপা ব্যাটারির ১নং কামান একটি গোলা ফায়ার করবে।

৩। “..... (বা সেকশন) লোড বন্ধ (বা থাম)” এই আদেশ দ্বারা কিছু সংখ্যক কামানকে ফায়ার অর্ডার হতে অংশ নিতে বিরত রাখা যেতে পারে। “থাম” হইতে “লোড বন্ধ” অধিকতর বাঞ্ছনীয় কারণ ইহা সংশ্লিষ্ট কামান খালি হওয়া নিশ্চিত করে (পরিচ্ছেদ ৩০)।

গোলার সংখ্যা (Number of rounds)

৪। কয়টি গোলা ফায়ার করিতে হবে তার আদেশ প্রতি কার্যকরী ফায়ারের সংগে ইংগিত করতে হবে। প্রোগ্রাম সুটে গোলার সংখ্যা ছাড়া “কামান ফায়ার” দেওয়া যায়। এই আদেশের ব্যবহার ও মানে গোলন্দাজ শিক্ষা পুস্তিকা ৩/৬ পরিশিষ্ট “ক” এ দেওয়া হল।

কোন কোন অবস্থায় গোলার সংখ্যা যা ফায়ার করতে হবে তাহা “স্কেল (Scale) আদেশ দ্বারা নির্দেশ করা হতে পারে। (পরিচ্ছেদ-১০)।

কার্যকরী ফায়ার চলাকালীন কামান ফায়ারের নিয়ম (Rules for Firing the gun During Fire for effect)

৫। সুটের প্রথম গোলার জন্য কামান ফায়ার করার জন্য যখন “হুকুমে ফায়ার” বলবৎ আছে তার নিয়মাবলী, পরিচ্ছেদ নং ১৫, ২৩ এবং ২৪ এ দেওয়া আছে।

অন্যান্য সময় কামান নিম্নলিখিত নিয়মে ফায়ার করা হয়।

কামান ফায়ার (Gun Fire)

৬। এর সবচাইতে সুবিধাজনক ফায়ার প্রয়োগ করার নিয়ম। আদেশ হল “..... গোলা কামান ফায়ার”।

৭। প্রতিটি কামান স্বতন্ত্রভাবে আদেশকৃত সংখ্যা গোলা ফায়ার করে। প্রতি কামান প্রথম গোলা, প্রস্তুত হওয়ার মাত্র ফায়ার করে এবং পরবর্তী গোলাগুলি নির্দিষ্ট বিরতির পর। (পরিচ্ছেদ ২১)। গোলার ফায়ার সমন্বয় করিবার (Synchronize) কোন চেষ্টা করা হয় না।

ব্যাটারী ফায়ার (Battery Fire)

৮। অবজার্ভার যখন প্রতিটি সুট পতনের মধ্যে পার্থক্য দেখতে চায় তখন এই আদেশ দেয় “..... গোলা ব্যাটারি ফায়ার”।

৯। কামানগুলি ডান দিক হতে ক্রমান্বয়ে (Successive) ফায়ার করে এবং পুনরায় ক্রমান্বয়ে ডান দিক হতে ফায়ার করে যতক্ষণ পর্যন্ত না আদেশকৃত সমস্ত গোলা ফায়ার করা যায়। ডান দিকের প্রথম কামান প্রস্তুত হওয়া মাত্রই ফায়ার করে এবং অন্য কামানগুলি পর্যায়ক্রমে সঠিক বিরতির পর (পরিচ্ছেদ ২১)। ক্রমিক ব্যাটারি ফায়ারের বিরতি এবং প্রতিটি কামানের মধ্যে বিরতি একই হবে।

যদি কামানগুলি বাম দিকে হতে ক্রমিক ভাবে ফায়ার করতে হয় তার জন্য “বাম হতে গোলা ব্যাটারি ফায়ার” আদেশ করতে হবে।

স্কেল (Scale)

১০। ব্যাটারি হতে বড় ফায়ার ইউনিটের জন্য কার্যকরী ফায়ারের আদেশ প্রতিটি অংশ গ্রহণকারী কামান প্রতি গোলার সংখ্যা না দিয়া অংশ গ্রহণকারী ইউনিটের অর্ডার দেয়া হয়। যেমন টাস্ক টেবল (Task table) “অন কল (on call)” কাজে। অফিসারদিগকে গোলাবারুদের সম্পদ (resources) বিতরণের সময় ও স্কেল ব্যবহৃত হয় (পরিচ্ছেদ ১৪)।

১১। ফায়ার অর্ডার স্কেল ১ মানে যে প্রতিটি ফায়ার ইউনিট যাকে সম্বোধন করা হয় তা সেই পরিমাণ ফায়ার করবে যা সেই ইউনিটের প্রাধিকৃত (Authorise) কামানের সমষ্টি, কামান প্রতি একটি ক্রিয়া গোলার সমান। ফায়ার ইউনিটে কোন কামান যদি শুরুতে অবজার্ভারের নিকট প্রাপ্তব্য ছিল কিন্তু পরে কোন অগ্রাধিকার (Priority) কাজে ব্যস্ত থাকার দরুণ বা অকেজো হয় পড়ার দরুণ অংশ নিতে অক্ষম হয় তবুও তাদের অংশের গোলা অন্য কামান দ্বারা ফায়ার করা সম্পূর্ণ করতে হবে। নিম্নলিখিত উদাহরণ দ্বারা ইহা আরও বুঝা যায় দেয়া হল :-

(ক) উদাহরণ ১। রেজিমেন্টাল কনসেন্ট্রেশন একটি ফিল্ড রেজিমেন্টের কনসেন্ট্রেশন আদেশ করা হলে তাতে এ্যাডজুটেন্ট জানিয়াছে “২৩ এবং ৩৩ লভ্য স্কেল ৩”। ২৩-এর দুইটি কামান অকেজো হয় আছে। অবজার্ভারের কার্যকরী ফায়ারের আদেশে স্কেল (৩), ২৩ এর কামান অফিসার চারটি কামান হতে ১৮টি গোলা ফায়ার করবে।

(খ) উদাহরণ ২। একটি ডিভিশনের কনসেন্ট্রেশনে বি. এম. অবজার্ভারকে একটি ফিল্ড রেজিমেন্ট ও একটি মিডিয়াম রেজিমেন্ট (Medium Regiment) এবং স্কেল ২ পরিমাণ গোলা মণ্ডল (available) আছে জানালে তন্মধ্যে একটি মিডিয়াম ব্যাটারি পাল্টা গোলা বর্ষণ সম্পর্কিত জি এস ও (২)র গোলার (Counter bombardment) এর অধীনে ‘অগ্রাধিকার ডাকে’ ছিল। এই ব্যাটারিকে নিযুক্ত করছিল যখন অবজার্ভার টার্গেট এনগেজমেন্টের জন্য স্কেল ২-এর কার্যকরী ফায়ারের আদেশ ছিল। মিডিয়াম রেজিমেন্টের এ্যাডজুটেন্ট এখন অন্য দুই ব্যাটারিকে স্কেল ৩ ফায়ার করতে আদেশ দিবে যা ঐ রেজিমেন্ট হইতে ৩৬টি গোলা নিশ্চিত করবে।

১২। যে সদর দপ্তর (HQ) “সেক্স -----” আদেশ পায়, তাহারা উহা নিম্ন ইউনিটে সমভাবে পূর্ণ সংখ্যায় স্কেল ভাগ করা দেয়। ব্যাটারী কমান্ড পোষ্ট ঐ আদেশ সব সময় কামানে আদেশ দিবার পূর্বে কামান ফায়ারের জন্য গোলার সংখ্যা নির্ণয় করে। দরকার হলে “হুকুমে ফায়ার” যোগ দিতে পারে।

১৩। অন্যঅন্য ফায়ারের পদ্ধতি মত “স্কেল” কামান ফায়ার করার নির্বাহক আদেশ নয়। ইহার সংগে সব সময় ফায়ার করার আদেশ যোগ করা হয়, যথা “ফায়ার” (ইহা স্থগিত রাখাও যাত্রা পারে যদি ফায়ার তখনই দরকার হয়) “এনগেজ ----- টায়” কিংবা “টার্গেটের উপর টাইম -----”।

১৪। যখন গোলাবারুদের সম্পদ বন্টন, স্কেল অনুযায়ী করা হয় তাহা বিশেষ কাজের জন্য করা হয়, যেমন একজন অবজার্ভার একটি রেজিমেন্ট বা তার বড় কনসেন্ট্রেশন আদেশ করে কিংবা কোন অনির্দিষ্ট টার্গেটের জন্য। যেমন একটি বিশেষ ভাবে ক্ষমতাপ্রাপ্ত অবজার্ভার কিংবা একজন পাল্টা বর্ষণ সম্পর্কিত জি এস ও (২) যাহাকে কিছু সংখ্যক কামান ও গোলাবারুদ ব্যবহারের জন্য বিশেষ ভাবে ভারপ্রাপ্ত করা হয় যার দ্বারা ইচ্ছামত কিছুটার্গেট নিযুক্ত করতে পারে। এই অফিসারদিগকে প্রদত্ত গোলাবারুদের ব্যবহারের জন্য কতগুলি কামান গণ্য করা হবে তা নির্ভর করবে বন্টনাদেশে (allotment order) যে সব ইউনিটের উল্লেখ আছে সে সবের কামানের সামগ্রিক সংখ্যার উপর। যেমন একটি রেজিমেন্টের বেলায় যদি বলা হয় : ২৩ এবং ২৪ লভ্য, পরিমাণ ৪ ইহার অর্থ হইবে ৪৮টি গোলা (৪ × ১২)।

সুট চলাকালীন কার্যকরী ফায়ারের পদ্ধতি (Changing the Method of fire for Effect during a shoot)

১৫। সুট চলাকালীন কার্যকরী ফায়ারের পদ্ধতি পরিবর্তন করা যেতে পারে, হয় নতুন কার্যকরী ফায়ারের আদেশ অথবা এইরূপ পরিবর্তন পূর্ব হইতে জানা থাকলে নিম্নরূপ আদেশ দেওয়া যাইতে পারে :-

“..... গোলা কামান ফায়ার অনুসরণে (followed by) গোলা ব্যাটারি ফায়ার সেকেন্ডে” ।

বা বিরতির মধ্যে কোন পরিবর্তন করিতে হইলে :-

“..... গোলা কামান ফায়ার সেকেন্ড অনুসরণে গোলা ব্যাটারি ফায়ার সেকেন্ডে” ।

ধূম্র সুটের বিশেষ নিয়ম (Special Rule for Smoke Shoot)

১৬। ইহা কমান্ড পোস্ট ও অবজার্ভারের মধ্যে রীতি যে সমস্ত ধূম্র সুটের, ধূম্র দ্বারা টার্গেট নির্দেশ ছাড়া, ২ গোলা কামান ফায়ার দ্বারা আরম্ভ হয় পরিশেষে অবজার্ভার দ্বারা আদেশকৃত কার্যকরী ফায়ারের পদ্ধতি এবং গোলার সংখ্যা অনুসরণ হয় ।

কমান্ড পোস্ট কামানকে সম্পূর্ণ আদেশ দিবে যথা :

অবজার্ভার “ধূম্র গোলার ৫০, হুকুমে ফায়ার, ৬ গোলা কামান ফায়ার ৩০ সেকেন্ডে” ।

কমান্ড পোস্ট “ধূম্র হুকুমের ফায়ার, ফিউজ ১১.০, এলিভেসন ১৫.২০/৩০০, ২ গোলা কামান ফায়ার অনুসরণে ৬ গোলা কামান ফায়ার ৩০ সেকেন্ডে” ।

১৭। যদি কার্যকরী ফায়ারে অবজার্ভার এমন সংশোধন আদেশ করে যাহা ডিফ্লেকসন এবং / বা এলিভেসনের উপর প্রভাব আনে, তখন কমান্ড পোস্ট সমস্ত কামানগুলিকে নতুন ডিফ্লেকসন এবং/বা এলিভেসনের ফায়ার আরম্ভ করতে বলে, প্রথমে দুই গোলা কামান ফায়ার অনুসরণে অবশিষ্ট কার্যকরী ফায়ারের গোলা ।

পরিচ্ছেদ ২১-বিরতি (Interval)

১। ক্রমিক (Successive) গোলা ফায়ারের মধ্যে যে সময়ে পার্থক্য, যা সেকেন্ড হয়, তাহাকে বিরতি বলে যেমন:-

(ক) কামান ফায়ারে (পরিচ্ছেদ ২০) - কোন কামানের ক্রমিক গোলার ফায়ারের মধ্যে যে সময়ের পার্থক্য আছে তাহাই বিরতি । যদি কোন বিরতি আদেশ না করা হয় তখন প্রত্যেক নং ১ ক্রমিক গোলা ফায়ার করে যখনই তার কামান প্রস্তুত হয় যায় ।

(খ) ব্যাটারি ফায়ার - একটা কামানের ফায়ার হতে অন্য অনুসরণকারী কামানের মধ্যে যে সময়ের পার্থক্য আছে তাই বিরতি । যদি কোন বিরতি আদেশ করা না হয় তবে বিরতির সাধারণ মান ৫ সেকেন্ড পালন করা হয় ।

শুধুমাত্র খুব অল্প সময় ছাড়া, বিরতি যাহা আদেশ করা হইবে তাহা ঐ কামানের তীব্র (Intense)

২। আদেশকৃত বিরতি বলবৎ থাকে যতক্ষণ পর্যন্ত না তাহা নিম্নলিখিত উপায়ে বাতিল করা হয় :-

(ক) নতুন বিরতি । বা

(খ) নতুন কার্যকরী ফায়ারের পদ্ধতি বা পুনঃ রেঞ্জিং এর জন্য আদেশ ।

৩। এই নিয়মাবলীর প্রয়োজ ১০নং সারণীতে বর্ণিত হইল ।

সারণী ১০-বিরতি সম্বন্ধীয় আদেশের উদাহরণ

ক্রমিক নং	কমান্ড পোস্টের আদেশ	কার্যক্রম
১।	“এলিভেশন ২২৫.৫ গোলা ব্যাটারি ফায়ার ৩০ সেকেন্ড”।	কামানগুলি ডান হইতে ক্রমিক ভাবে ৩০ সেকেন্ড বিরতিতে ফায়ার করে।
২।	“১০ সেকেন্ড”।	উপরোক্ত ফায়ারের অবশিষ্ট গোলা ১০ সেকেন্ড বিরতিতে ফায়ার করিবে।
৩।	এলিভেশন ২১০, ২ গোলা কামান ফায়ার”।	প্রতিটি কামান স্বতন্ত্রভাবে দুইটি করিয়া গোলা ফায়ার করে দ্বিতীয় গোলা কামান প্রস্তুত হওয়া মাত্র ফায়ার করে।
৪।	এলিভেশন ২১০, ২ গোলা কামান ফায়ার, অনুসরণে ১০ গোলা কামান ফায়ার, ২০ সেকেন্ড।	প্রতিটি কামান নুতন ভাবে তিনটি করিয়া গোলা ফায়ার করে, তাহারও ২০ সেকেন্ড পর অবশিষ্ট ৯টি গোলা ২০ সেকেন্ড বিরতিতে ফায়ার করে।

পরিচ্ছেদ ২২-টার্গেটের বিবরণ (Target description)

- ১। প্রারম্ভিক আদেশ “ফায়ার” বলার পূর্বে প্রতিটি টার্গেট যা এনগেজ করা হইছে তার একটি ক্ষুদ্রবর্ণনা দিতে হয়, অবশ্য যদি না ইহার জন্য কামানের ফায়ারে বিলম্ব হয়।
- ২। কমান্ড পোস্টের দায়িত্ব হল তার কামানকে টার্গেট এনগেজের জন্য আদেশে করা হয় তখনই এ্যাডজুটেন্টকে উহার সম্বন্ধে রিপোর্ট করা। রিপোর্টে করা। রিপোর্টে বলা হইবে টার্গেটের প্রকার, গ্রিড সম্পর্ক এবং টার্গেটের বিবরণ যথা :- “ব্যাটারি টার্গেট এনগেজ করছি, গ্রিড সম্পর্ক ১২৩৪৫৬, পাঁচজন লোক পরিমায়”।

পরিচ্ছেদ ২৩-ফায়ার (Fire)

(ট্যাংক এনগেজ করিবার ফায়ার পদ্ধতি গোলন্দাজ শিক্ষা পুস্তিকা ৩/১১ তে দেওয়া হল)

- ১। ফায়ারের জন্য নির্দিষ্ট আদেশ পর্যবেক্ষক বা কমান্ড পোস্ট হতে দরকার :-
 - (ক) সুটের প্রথম গোলার জন্য।
 - (খ) সমষ্টি রেঞ্জিং এ (Salvo ranging)
 - (গ) যখন হুকুমে ফায়ার বলবঃ আছে।
 - (ঘ) “স্কেল -----” আদেশের সংগে।
 - (ঙ) “মিস ফায়ার” বা “ব্যাডর্যাম” (Badram) রিপোর্টের পর।
- ২। নং ১ হতে “নং ----- ফায়ার” আদেশ পাওয়া না পর্যন্ত সুটের কোন পর্যায়ে কোন কামান হতে গোলা ফায়ার হবে না শুধুমাত্র ডি এল (রক্ষা কর) (DF) (SOS) ছাড়া, যা কমান্ড পোস্টের আদেশ ব্যতীত নং ১ বা প্রহরী ফায়ার করতে পারে।
- ৩। যখন “ফায়ার” আদেশের প্রয়োজন হয়, তখন নিম্নলিখিত আকারে দেওয়া হয় :-
 - (ক) “ফায়ার” আদেশ। ইহা সব সময় কমান্ড পোস্ট কামানের নং ১ কে এই আকারেই দেয়।
 - (খ) আদেশে যাতে এই ইংগিত আছে যে কামান কোন সময় পায়ার হবে। যেমন “এনগেজ-----টায়,” “টার্গেটের উপর সময়” বা সময় যা টাস্ক বেবল (Task table) কিংবা প্রোগ্রাম এ আছে।

ফায়ার করিবার প্রারম্ভিক আদেশ (The Initial Order to Fire)

৪। সুটের প্রথম গোলা ফায়ার হবে না, যতক্ষণ পর্যন্ত না উপরিউক্ত অনুচ্ছেদ ৩ অনুযায়ী ফায়ার করার আদেশ সংশ্লিষ্ট ইউনিট বা উপ ইউনিট পাবে। এই নিয়ম অবজার্ডার হতে নং ১, প্রতিটি স্তরের জন্য প্রযোজ্য। প্রথম গোলা যা সংশ্লিষ্ট ইউনিট বা উপ ইউনিট ফায়ার করবে তা রেঞ্জিং এর গোলা হাউক বা কার্যকরী ফায়ারের গোলা হাউক স্করের জন্য প্রযোজ্য।

৫। প্রোগ্রাম সুটে, কমান্ড পোস্টকে সুটের প্রথম ক্রমিক “ফায়ার” আদেশ করতে হবে, এবং প্রতিটি ক্রমিক সুটের প্রথম গোলায়ও এই আদেশ দেওয়া যাতে পারে।

রেঞ্জিং-এর সময় ফায়ার (Firing During Ranging)

৬। শুধুমাত্র কয়েকটি বিশেষ অবস্থা ছাড়া সুটের প্রথম গোলার পর, ফায়ার করার জন্য কোন আদেশ অবজার্ডার হতে নং ১ পর্যন্ত কোন স্তরের জন্যই লাগবে না। ইহা বিস্তারিতভাবে উপযুক্ত পরিচ্ছেদ এ দেওয়া আছে এবং ইহা সংক্ষেপে পরের পরিচ্ছেদের মধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে।

পরিচ্ছেদ ২৪-সুটিং চলাকালীন ফায়ারের সংক্ষিপ্ত নিয়মাবলী (Summary of rules for firing during a shoot)

১। সুটের প্রথম গোলার পর, কামান নিম্ন উপায়ে ফায়ার করা হয় অবশ্য যদি না অবস্থা নীচের অনুচ্ছেদ ২ হতে ৫ এর মত হয় :-

(ক) রেঞ্জিং-এর সময়- অবজার্ডার হইতে টার্গেট গ্রিড সংশোধন বা ফিউজ পরিমাণ সংশোধন বা একটি নতুন টার্গেট নির্দেশণবেং কমান্ড পোস্ট হতে এলিভেসনই রেঞ্জিং কামানের জন্য ফায়ারের নির্বাহিক আদেশ (পরিচ্ছেদ ১৬) দেওয়া হয়।

(খ) কার্যকরী ফায়ারের সময়- অর্জার্ডার ও কমান্ড পোস্ট হইতে ফায়ারের পদ্ধতিই হল সংশ্লিষ্ট কামানের জন্য নির্দিষ্ট গোলার সংখ্যা ফায়ারের নির্বাহিক আদেশ (পরিচ্ছেদ ২০)।

২। সমষ্টি রেঞ্জিং- সমষ্টি রেঞ্জিং কার্যকরী থাকাকালীন, কমান্ড পোস্ট সমস্ত কামান প্রস্তুত হবার পর প্রতি গোলার জন্য “ফায়ার” আদেশ দিবে অবশ্য যদি না তারা “হুকুমে ফায়ার” আদেশ পায় নং ১ “ফায়ার” আদেশ দিবে যখন কমান্ড পোস্ট হতে আদেশ পাবে (পরিচ্ছেদ ১৬)।

৩। হুকুমে ফায়ার- যখন হুকুমে ফায়ার বলবৎ আছে, কামান রেঞ্জিং বা কার্যকরী ফায়ারে, ফায়ার হবে না যতক্ষণ পর্যন্ত না যে অফিসার “হুকুমে ফায়ার” আদেশ দিয়াছে তিনি “ফায়ার” আদেশ দেন (পরিচ্ছেদ ১৫)।

৪। স্কেল- হুকুমে ফায়ার আদেশ বলবৎ আছে, সেখানে “স্কেল” “ফায়ার” করিবার জন্য নির্বাহিক আদেশ নয় অতএব ফায়ারের জন্য নির্দিষ্ট আদেশ দিতে হবে (পরিচ্ছেদ ২০)।

৫। মিস ফায়ার এবং ব্যাডর্যাম- যখন মিস ফায়ার (পরিচ্ছেদ ৩৪) রিএপার্ট দেওয়া হয়, কামানকে ফায়ার করা হবে না যতক্ষণ পর্যন্ত না কমান্ড পোস্ট হতে “ফায়ার” আদেশ দেওয়া হয়। আর “ব্যাডর্যামের” জন্য (পরিচ্ছেদ ৩৪) অবজার্ডার “ফায়ার” আদেশ দিবে পর্যবেক্ষিত সুটে এবং কমান্ড পোস্ট প্রোগ্রাম সুটে।

পরিচ্ছেদ ২৫-সুটের সময় আদেশ ব্যবহারের সংক্ষিপ্ত নিয়মাবলী (Summary of rules for the application of order during a shoot)

১। সুটের সময় যে সমস্ত আদেশ দেওয়া হয় তা অবিলম্বে কার্যকরী হয়।

২। রেঞ্জিং পদ্ধতি বা কার্যকরী ফায়ারের সম্বন্ধে কোন আদেশ, ইতিপূর্বে দেওয়া আদেশকে উহা সম্পূর্ণভাবে নির্বাহ না হলেও বাতিল করিয়া দেয়।

ডিফ্লেকসন, সাইট, ফিউজ পরিমাণ, এলিভেসন বা বিরতি সম্বন্ধীয় কোন আদেশ, ফায়ারের পদ্ধতি বা আদেশকৃত গোলার উপর কোন প্রভাব আনবে না ইহার ব্যতিক্রম অনুচ্ছেদ ১৭, পরিচ্ছেদ ২০তে দেওয়া আছে।

৩। সুটে যেখানে অবজ্ঞাভার টাইম পারকাসন দ্বারা রেঞ্জিং করায় কিন্তু কার্যকরী ফায়ার ভিন্ন গোলাবারুদ দ্বারা সম্পন্ন করতে চায়, সেইক্ষেত্রে অবজ্ঞাভার সাধারণতঃ গোলাবারুদের পরিবর্তন শেষ রেঞ্জিং সংশোধনের সংগে আদেশ করে। যথা “কম ১০০ ভি টি”। এতে এই বুঝায় যে টাইম পারকাসন ফায়ার করা হবে। “কম ১০০” সংশোধনে কিন্তু তারা পর ভিটি গোলা দরকার। কমান্ড পোস্টের আদেশ ১১ সারণীতে দেওয়া হল।

৪। এই নিয়মের ব্যবহার ১১নং সারণীতে দেওয়া হল :-

সারণী ১১-সুট চলাকালীন আদেশের ব্যবহার

ক্রমিক নং	আদেশ	মন্তব্য
১।	“এলিভেসন ২৩°২৫→/৪৩০, ৩ গোলা কামান ফায়ার”।	
২।	“ডিফ্লেকসন ২১৫°৩৫→/১৮০০, ৫ গোলা কামান ফায়ার”।	একটি গোলা ফায়ার করার পর এই আদেশ দেওয়া হয়। ক্রমিক ১ এর অবশিষ্ট গোলা বাতিল হবে এবং প্রতি কামান ৫ গোলা ক্রমিক ২ এর নতুন আদেশকৃত ডিফ্লেকসন এ ফায়ার করবে (পরিচ্ছেদ-২)।
৩।	“এলিভেসন ২৩°২৫→/১৯০০, নং ১, ৫ গোলা কামান ফায়ার ৬০ সেকেন্ড”।	
৪।	“নং ১ ডিফ্লেকসন ২১৫°১৫→”	এই আদেশ নং ১ একটি গোলা ফায়ার করার পর দেওয়া হয়। নং ১ পরবর্তী গোলা নতুন আদেশকৃত ডিফ্লেকসনে ফায়ার করবে (অনুচ্ছেদ-২)।
৫।	“২০ সেকেন্ড”	এই আদেশ নং ১ একটি গোলা ফায়ার করার পর দেওয়া হয়। নং ১ পরবর্তী গোলা নতুন আদেশকৃত ২০ সেকেন্ড বিরতির পর ফায়ার করবে (অনুচ্ছেদ-২)।
৬।	“ডিফ্লেকসন ১৮.৪০, এলিভেসন ৩২২ ভি টি”।	রেঞ্জিং কামান টাইম পারকাসন গোলা যা ইতিমধ্যে লোড করা হয় তা আদেশকৃত নতুন ডিফ্লেকসন এলিভেশন এ ফায়ার করবে কিন্তু তার পর পুনরায় ভি টি গোলা দ্বারা লোড করবে (অনুচ্ছেদ-৩)।

৫। প্রোগ্রাম সুটে যখন একটি ক্রমিকের শেষ সময় ও পরবর্তী ক্রমিকের আরম্ভের সময় আসি পৌঁছায় তখন কামান প্রোগ্রামে বর্ণিত পুরাতন ক্রমিকের নির্দিষ্ট সংখ্যক গোলা ফায়ার নাও যদি হয় বাতিল হয় যায় এবং নতুন ক্রমিক কার্যকরী হয়।

পরিচ্ছেদ ২৬-ফায়ার সংশোধনের পদ্ধতি **(Methods of Correcting Fire)**

১। অবজ্ঞাভার টার্গেট গ্রিড সংশোধন দ্বারা ফায়ার ঠিক করবে। সুটের পতন ঠিক করার জন্য কতটা সরাসরি হবে সেই সংশোধন দূরত্বে দেয়া হয় যা গজ বা মিটার এ মাপা হয় সংশোধন দুই প্রকারের :-

(ক) ও টি লাইনের সমকোণী, যথা, “ডান (বা বামে) ১০০”।

(খ) ও টি লাইনের বরাবর, যথা “বেশী (বা কম) ৪০০”।

কমান্ড পোস্ট প্রতিটি সংশোধন কামানকে আদেশ দেয়ার জন্য ডিফ্লেকসন এবং / বা এলিভেসনে পরিবর্তন করবে।

২। প্রিসিসন এ্যাডজাস্টমেন্ট সুটে (Precision Adjustment) ফায়ারের চূড়ান্ত, অজ্ঞাভার দ্বারা পর্যবেক্ষণ পাঠিয়ে করা হয়, যথা, “উপর ডাইন (Over Right)” কম লাইন (Short line) অনিশ্চিত বাম (Doubtful left) ইত্যাদি। এই পর্যবেক্ষণ হতে নতুন ডিফ্লেকসন এবং/বা এলিভেসন অনুমান করার জন্য কমান্ড পোস্টই দায়ী।

৩। সাইটের সংশোধন যদি দরকার হয়। তাহা নং ১৩ পরিচ্ছেদ অনুযায়ী করা হয়।

৪। যখন টাইম পারকাসন ফিউজ ব্যবহৃত হয় তখন অবজার্ভার বিস্ফোরণের উচ্চতা, ফিউজ পরিমাণ পরিবর্তন করার আদেশ দিয়া, ঠিক করা হয়।

**পরিচ্ছেদ ২৭-“পুনরায়” আদেশের ব্যবহার
(The use of the order ~Repeat~)**

১। ফায়ার আদেশ সংশোধন সংক্ষেপ করার জন্য অবজার্ভার ও কমান্ড পোস্টের মধ্যে “পুনরায়” আদেশ ব্যবহৃত হয়। অবশ্য কমান্ড পোস্ট কামানকে সাধারণ আদেশ দেয় এবং “পুনরায়” আদেশ করবে না।

রেঞ্জিং-এর সময় ব্যবহার (Use During Ranging)

২। রেঞ্জিং সময় “পুনরায়” আদেশের অর্থ হল যে, কামান চলতি ডাটায় আবার ফায়ার করবে।

কার্যকরী ফায়ারের সময় ব্যবহার (Use During Fire for Effect)

৩। কার্যকরী ফায়ারের সময় “পুনরায়” একটি আদেশ যার দ্বারা পূর্ব আদেশকৃত গোলার সংখ্যা ফায়ারের পদ্ধতি ঐ একই কামান দ্বারা ও কোন বিরতি আদেশ করলে তাও অন্তর্ভুক্ত করতে হবে। কিংবা সুইট এবং/বা সার্চ সমন্ধে কোন আদেশ দিয়া থাকলে তাও অন্তর্ভুক্ত করতে হবে। এই আদেশ কামানের উপর, গোলার উপর এবং ফায়ারের পদ্ধতির উপর প্রযোজ্য। ইহা সম্মিলিত করা যাবে কামানের ডাটার পরিবর্তনের আদেশের উপর, যেমন টার্গেট গ্রিড সংশোধন সাইট, ফিউজ পরিমাণ বা বিরতি। যদি গোলার সংখ্যা বা ফায়ারের পদ্ধতি যার মধ্যে সুইপ বা সার্চ অন্তর্ভুক্ত আছে, পরিবর্তন করার ইচ্ছা থাকে, সেই ক্ষেত্রে “পুনরায়” আদেশ দেওয়া উচিত নয়।

সারণী ১২-“পুনরায়” ব্যবহারের উদাহরণ

ক্রমিক নং	অবজার্ভারের আদেশ	কমান্ড পোস্টের আদেশ
১।	“ডান রেঞ্জিং ফায়ার”	“ডান রেঞ্জিং / এলিভেশন ২১৬, ফায়ার”
২।	“পুনরায়”	“এলিভেশন ২১৬”
৩।	“বেশী ১০০, ১ গোলা কামান ফায়ার”	“ডিফ্লেকশন ১৫৯৩, এলিভেশন ২১৯, ১ গোলা ফায়ার”
৪।	“কম ৫০ পুনরায়”	ডিফ্লেকশন ১৫৯৩, এলিভেশন ২১৮, ১ গোলা ফায়ার”।
৫।	“পুনরায়”	“১ গোলা কামান ফায়ার” বা “এলিভেশন ২১৮, ১ গোলা কামান ফায়ার”।
৬।	“৫ গোলা কামান ফায়ার ৩০ সেকেন্ড”।	“৫ গোলা কামান ফায়ার, ৩০ সেকেন্ড” বা “এলিভেশন ২১৮, ৫ গোলা কামান ফায়ার ৩০ সেকেন্ড।
৭।	“পুনরায়”	“৫ গোলা কামান ফায়ার, ৩০ সেকেন্ড”।

পরিচ্ছেদ ২৮-“সুইপ” এবং “সার্চ” আদেশের ব্যবহার
(The use of the order ~Sweep” and Search”)

১। অনেক সময় টার্গেটের বিশেষ আকৃতি ও বিন্যাসহেতু ঐ সমস্ত টার্গেটের উপর সম্পূর্ণ কার্যকরী ফায়ার আনয়ন করা অসম্ভব হয়। সেই জন্য ডিফ্লেকসন ও / বা এলিভেশনের জন্য বিটেন জোনে (Beaten Zone) আকার বাড়ায়। পর্যবেক্ষিত ফায়ারে গোলন্দাজ শিক্ষার পুস্তিকা ৩/৪ দেওয়া পদ্ধতিনুযায়ী সমস্ত এলাকার সাফল্যের সংগে ফায়ারের আওতায় আনতে পারে। যে ক্ষেত্রে ফায়ার পর্যবেক্ষণ করা হয় না (Unobserved fire)) যে স্থলে “সুইপ” এবং “সার্চ” আদেশ ফায়ারের পদ্ধতি হিসাবে ব্যবহার করা যেতে পারে। যখন এই দুটির কোনটিও ব্যবহৃত হয় তখন ইহা ব্যাটারী টার্গেট (বিটি) লাইন অনুযায়ী প্রয়োগ করা হয়।

- (ক) অজার্ডার বা ব্যাটারি কমান্ড পোস্ট হতে উচ্চ পর্যায়ের কমান্ড পোস্ট সব সময় সুইপের পরিমাণ গজ/মিটারে দেয়, যথা, “তিন গোলা কামান ফায়ার, সুইপ ১০০”।
- (খ) যখন এই আদেশ দেওয়া হয় তখন কমান্ড পোস্ট সুইপের পরিমাণ ডিগ্রী এবং মিনিট বা মিলে পরিবর্তন করে এবং ট্রান্সভারসিং হ্যান্ড হুইলে (traversing hand wheel) নিকটবর্তী অর্ধচক্রে রূপান্তরিত করা হয়, যথা “৩ গোলা কামান ফায়ার, সুইপ এক ডিগ্রী/দুই শূন্য”।

২। যখন “সুইপ” আদেশ দেওয়া হয়, তৎপর গোলা নিম্নোক্তভাবে ফায়ার করতে হবে :-

- (ক) প্রথমতঃ চলতি (Current) ডিফ্লেকসনের উপর।
- (খ) অতঃপর আদেশকৃত ‘সুইপের’ পরিমাণ অনুযায়ী প্রথমে ডাইনে এবং পরে বামে।

ডায়াল সাইটের (Dial Sight) সেটিং (Setting) এ কোন পরিবর্তন করা হয় না।

সার্চ (Search)

৩। এই আদেশ অবজার্ডার এবং যে কোন কমান্ড পোস্টের উচ্চ পর্যায়ের কমান্ড পোস্ট দ্বারা গজ/মিটারে, বিটি লাইন বরাবর নিকটবর্তী ৫০ গজ/মিটারে আদেশ করা হয়।

৪। কমান্ড পোস্ট সবসময় ইহা ডিগ্রী এবং মিনিটে বা মিলে নিকটবর্তী ৫ মিনিট বা ১ মিলে আদেশ করে যখন ক্লাইনোমিটার স্থাপন করা হয়, তখন পৃথক পৃথক এলিভেশন আদেশ করাই কমান্ড পোস্টের জন্য যুক্তিসংগত।

৫। যখন ‘সার্চ’ আদেশ দেওয়া হয় তখন গোলা নিম্নোক্তভাবে ফায়ার করতে হবে :-

- (ক) প্রথমে চলতি (Current) এলিভেশনের উপর।
- (খ) অতঃপর আদেশকৃত সার্চের পরিমাণ অনুযায়ী প্রথমে বেশী এলিভেশনে এবং পরে কম এলিভেশনে।

পরবর্তী ক্রমিক এলিভেশনগুলি সাইটের (Sight) এলিভেশন স্কেলে (বা ফিল্ড ক্লাইনোমিটারে) লাগান হয় এবং সাধারণ নিয়ম অনুযায়ী (যার বর্ণনা কামান ড্রিল পুস্তিকায় দেওয়া আছে) কামান স্থান করা হয়।

৬। ইহাই বাঞ্ছনীয় যে গোলা পাঁচের গ্রুপে ফায়ার করা হয় এবং মধ্যবর্তী ধাপে সার্চ করা হয়। যেমন, আদেশ “এলিভেশন ১৫° ২০→ / ৩০০, ৫ গোলা ফায়ার ২০ সেকেন্ড। সার্চ ২০ মিনিট / ২০, দশকের”, এই আদেশের অর্থ এই যে, কামানগুলি প্রথমে ১৫° ২০→ / ৩০০ এলিভেশনে ফায়ার করবে। অতঃপর পর্যায়ক্রমে ৩১০, ১৫° ৪০→ / ৩২০, ১৫° ২৪০ এবং ১৫° ১০/২৯০ এলিভেশনগুলির উপর ফায়ার করবে।

সুইপ এবং সার্চ (Sweep and Search)

৭। কখনও কখনও সুইপ এবং সার্চ দুইই এক সংগে দরকার হতে পারে। কমান্ড পোস্ট এলিভেশন আদেশ ক[র] কামানকে সুইপ করায় যাহা, কামান দলের জন্য ড্রিল সোজা ক[র] দেয় যেমন :-

আদেশ - “৯ গোলা কামান ফায়ার ২০ সেকেন্ড, সুইপ ১০০, সার্চ ১০০০”।

কমান্ড পোস্ট “এলিভেশন ১৫° ২০→/৩১০, ৩ গোলা কামান ফায়ার ২০ সেকেন্ড, সুইপ ১ ডিগ্রি / ২০”।

“এলিভেশন ১৫০° ১০→/২৯০, ৩ গোলা কামান ফায়ার ২০ সেকেন্ড সুইপ ১ ডিগ্রি/২০”।

“এলিভেশন ১৫০° ২০→/৩০০ (কমান্ড পোস্ট কামানগুলিকে প্রাথমিক এলিভেশন স্থাপন করিতে আদেশ করিবে)”।

৮। সুইপ এবং সার্চ ফায়ার পদ্ধতি এক অংশ এবং বাতিল করা হয় নতুন ফায়ার পদ্ধতির আদেশ করিয়া বা নতুন পর্যায়ক্রমে প্রারম্ভিক আদেশ দ্বারা।

পরিচ্ছেদ ২৯-“এনগেজ” ও “টি ও টি” আদেশের ব্যবহার (The Use of the order “Engage” and “TOT”)

১। এই আদেশগুলি ব্যবহার করা হয় যখন কোন ভবিষ্যত সময়ে টার্গেট এনগেজ করিতে হয় বা কোন পূর্বে ক্ষয়ক্ষত ফায়ার পরিকল্পনা (Fire Plan) কার্যকরী করতে হয় কিংবা যাতে প্রতিটি কামানের প্রথম গোলা টার্গেটে এক সংগে আগমন করে এই আদেশগুলি সর্বদাই সময়ের সা[থ] সংযুক্ত ক[র] দেওয়া হয়। যেমন, সময় হিসাবে ঘণ্টাতে, এইচ আওয়ার (H hour) রূপে কিংবা যদি ফায়ার সংগে সংগে দরকার হয়, তবে ‘এক্ষুনি’ (Forthwith) আদেশের মাধ্যমে। ‘এক্ষুণি’ আদেশটি কোন মতেই টিওটি আদেশের সংগে ব্যবহার করা যাবে না। (অনুচ্ছেদ ৫)।

“শেষ গোলা টার্গেটে টায় এই আদেশও ব্যবহার করা য[া]ত পারে। টার্গেটে শেষ গোলা ফায়ার হবে যে সময় আদেশ করা হ[য়]ছে সেই সময় হতে গোলার উড্ডয়ন কাল বাদ দিয়া যে সময় হয় তখন।

২। সাধারণতঃ টার্গেট ইতিমধ্যেই রেকর্ড হ[য়] থাকে এবং ফায়ার পদ্ধতি সম্বন্ধে ইতিপূর্বেই ব্যবস্থা হ[য়] থাকে। যখন কোন সন্দেহ থাকে তখন টার্গেট এনগেজ করিবার জন্য দরকার মত আদেশ অন্তর্ভুক্ত করতে হবে।

৩। এই নিয়মাবলীর ব্যবহার সারণী নং ১৩ তে দেওয়া হল :-

সারণী ১৩-“এনগেজ” ও “টিওটি” আদেশের ব্যবহার।

ক্রমিক নং	আদেশ	মন্তব্য
১।	“স্কেল ৩, এনগেজ ১১৩০ টায়”	রেঞ্জিং-এর সমাপ্তিতেই এই আদেশ দেওয়া হয় যাহাতে টার্গেট সম্বন্ধে কোন সন্দেহ না থাকে। ইহার পূর্বে গোলার সংখ্যা এবং ফায়ারের পদ্ধতি সম্বন্ধে কোন আদেশ দেওয়া হয়নি।
২।	“টার্গেট ইউ ৪৩১৫ টি ও টি ১৫৩৫ টায়”	গোলার সংখ্যা এবং ফায়ারের পদ্ধতি পাল্টা গোলা বর্ষনের (CB) স্থায়ী কর্ম নির্দেশে (Standing Order) বা পাল্টা গোলা বর্ষণের টাঙ্ক টেবলে দেওয়া য[া]তে পারে। (গোলন্দাজ শিক্ষা ৩/৬)।

এনগেজ (Engage)

৪। যখন “এনগেজ” “টায় আদেশ করা হয় তখন কমান্ড পোস্ট ঠিক আদেশকৃত সময়ে “ফায়ার” আদেশ করবে।

ট্যাংক এনগেজ করিবার “এনগেজ” আদেশ দেওয়া হয় (গোলন্দাজ শিক্ষা ৩/১১ দেখ)

৫। শত্রু ব্যাটারী বা মর্টার এনগেজ করিবার সময় ও “এনগেজ করার সময় ও “এনগেজ” আদেশ দিতে হবে যে টার্গেট এনগেজ করা হবে যে শত্রু ব্যাটারী, তাহা জানার উপায় :-

(ক) টার্গেটে অক্ষর এবং নং দ্বারা।

(খ) পাল্টা গোলা বর্ষণের (CB) নেটে (Net) ঢাকার দরুণ।

যখন আদেশ হয় “এনগেজ টায়” তখন কমান্ড পোস্ট অনুচ্ছেদ ৪ অনুযায়ী অগ্রসর হবে। আর যখন আদেশ হয় “এনগেজ টিওটি টায়” তখন কমান্ড পোস্ট অনুচ্ছেদ ৬ অনুযায়ী অগ্রসর হবে।

টিওটি (TOT) প্রোগ্রাম সুটে ৪ নং অনুচ্ছেদের পদ্ধতি সব সময় ব্যবহৃত হইবে যদি না “টি ও টি” আদেশ করা হয়ে থাকে।

৬। যখন “টিওটি টায়” আদেশ দেওয়া হয় তখন পোস্ট আদেশকৃত সময় হতে উড্ডয়ন কাল বাদ দিয়া (time of flight)) যে সময় হয় সেই সময়ে ফায়ার আদেশ করবে।

যখন “টিওটি” ব্যবহৃত হয় তখন ইহা এ্যাডজুস্টমেন্টের জন্য যুক্তসংগত যে উল্টা দিকে সময় গণনা (Count back the time) করা যাহাতে সকল কমান্ড পোস্টই একেবারে ঠিক সেকেন্ডে ফায়ার করতে পারে।

পরিচ্ছেদ ৩০-সাময়িকভাবে সুট স্থগিত রাখা (Suspension of Shoot)

১। “লোড বন্ধ (Stop loading)”, “থাম (Stop)” এবং স্থির থাক (Stand Fast) এই আদেশগুলি তখনই ব্যবহৃত হয় যখন আদেশকৃত ফায়ার সম্পন্ন হইবার পূর্বেই ফায়ার সমাপ্তির ইচ্ছা থাকে।

২। “লোড বন্ধ” এই আদেশ শুধু মাত্র নির্দিষ্ট কামানে লোড সংক্রান্ত ব্যাপারে ব্যবহৃত হয় এবং অন্য সমস্ত কাজ আদেশ অনুযায়ী করা হয়। কোন কামান লোড থাকলে তা নির্ধারিত সময়ে ফায়ার হবে এবং আদেশকৃত কোন কামানই লোড হবে না যতক্ষণ পর্যন্ত না “চলুক (Gon on)” বা নতুন ক্রমিক প্রারম্ভিক আদেশ দেওয়া হয়।

৩। “থাম (Stop)” এই আদেশের মানে ফায়ার থামাও। কামান দল তাদের নিজ নিজ কাজ করতে থাকে, কিন্তু আদেশকৃত কামানের কোনটাই ফায়ার করবে না যতক্ষণ পর্যন্ত না আদেশ “চলুক” বা নতুন পর্যায়ক্রমে প্রারম্ভিক আদেশ দেওয়া হয়।

ফায়ার প্লান সংশোধনের সময় ‘থাম’ আদেশটি “পুনঃ আরম্ভ” আদেশ দ্বারা বাতিল হইয়া যায়। (গোলন্দাজ শিক্ষা ৩/৬) “পুনঃ আরম্ভ” আদেশ, কামান ও কমান্ড পোস্টের মধ্যে ব্যবহৃত হবে না।

৪। “স্থির থাক (Stand Fast)”- এই আদেশ সাধারণতঃ নিরাপত্তা সম্বন্ধীয় ব্যাপারে ব্যবহৃত হয়। কামান দল, যে যা করছে, আদেশ পাওয়া মাত্র স্থির হইয়া যায় এবং সমস্ত কাজ বাতিল হইয়া যায় যতক্ষণ পর্যন্ত না “চলুক” আদেশ পাওয়া যায়।

কামান খালি রাখার প্রয়োজনীয়তা (The Importance of Leaving Guns Empty)

৫। যদি কামানকে দীর্ঘ সময় ফায়ার করিবার পরে লোড করিয়া রাখা হয় তবে উচ্চ তাপের দরুণ ব্যারেলের (Barrel) মধ্যে গোলা বিচ্ছোরিত হবার আশংকা থাকবে। সেই জন্য নিম্নলিখিত সতর্কতামূলক (Precaution) পদক্ষেপ নিত্তি হবে :-

- (ক) কামানকে পর্যায়ক্রমে লম্বা প্রোথামের সময় বিশ্রাম করাইতে হবে। (গোলন্দাজ শিক্ষা ৩/৬ দ্রষ্টব্য)
- (খ) আদেশকৃত ফায়ারের হার বজায় রাখার জন্য যখন লোড করার দরকার তার পূর্বে কামান লোড হবে না (পরিচ্ছেদ ১৭)।
- (গ) আদেশ অনযায়ী ফায়ার নির্বাহ হবার পূর্বেই যদি ফায়ার সমাপ্তির দরকার হয় তবে “লোড বন্ধের (Stop loading)” আদেশ দিতে হবে অবশ্য যদি আমাদের নিজ সেনা (troop) বিপদের সম্মুখীন না হয়।
- (ঘ) যদি নিজ সেনার নিরাপত্তার জন্য “থাম (Stop)” আদেশ দেওয়া হয় অবজ্ঞাভার বিচার করা হবে যে কামানকে লোড রাখা নিরাপদ কি না। যদি দরকার মনে করেন তবে একটি নিরাপদ সংশোধন (Safe Correction) আদেশ কামানকে “১ গোলা কামান ফায়ার, চলুক” আদেশ দিবেন।

৬। যখন কামান গরম হয় যায় তখন কমান্ড পোস্টের দায়িত্ব হয় নিশ্চিত করা যে কোন কামান লোড না থাকবে বা পুনঃ লোড না হয়, অবশ্য যদি কামানের ফায়ার করার সম্ভাবনা কিছুক্ষণ না থাকে। সেই জন্য :-

- (ক) যদি কমান্ড পোস্ট ফায়ার চলাকালীন কোন কামানকে বিশ্রাম দিতে হয়, তবে উহা প্রথমে আদেশ দিবে “নং লোড বন্ধ”।
- (খ) অবজ্ঞাভারের আদেশে যদি কোন গরম কামান লোড থাকে তবে কমান্ড পোস্ট রিপোর্ট দিবে, “কামান লোড, কামান গরম”। তাহার পর অবজ্ঞাভার অনুচ্ছেদ ৫খ অনুযায়ী কাজ করবেন।

৭। কামানের নং ১ গন দায়ী যে কখনও তাহাদের নিজ নিজ কামান গরম অবস্থা লোড না থাকে। যদি কখনও এমন আদেশ পায় যাতে তাদের কামান ঐ অবস্থায় লোড থা় যায়, তা হলে নং ১ কমান্ড পোস্টকে রিপোর্ট দিবে “নং কামান লোড, কামান গরম (No. Gun Loaded, Gun hot)”।

বিশ্রাম (Rest)

৮। বিশ্রাম তখনই আদেশ করা হয় যখন কোন সুট অস্থায়ী ভাবে স্থগিত রাখিবার ইচ্ছা হয়। কিন্তু কামান দলকে কামানের কাছেই থাকতে হয় যাতে খুব কম সময়ের মধ্যেই কামান ফায়ার করতে পারে।

৯। কোন দলকে “বিশ্রাম” আদেশ দিলে নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণ করতে হবে :-

- (ক) যদি কামান লোড থাকে তবে তাহাকে নিরাপদ করতে হবে।
- (খ) কামান শেষ আদেশের উপর অবস্থান করবে এবং পরবর্তী আদেশকে স্বীকৃতি দেওয়া হবে না, সে সবার উপর কোন কার্য হবে না বা সে সব অনুসরণ করা হবে না।
- (গ) নং ১ এর আদেশ মত কামানের চতুষ্পার্শ্বে কোন দরকারী কাজ থাকলে তা করা হবে।
- (ঘ) ইহার পর কামান দল নিজ রণস্থানে (Position in action) বিশ্রাম করবে।

১০। “বিশ্রাম” বাতিল হয় “স্থান লও (Take Post)” আদেশ বা নুতন পর্যায়ক্রমে প্রারম্ভিক আদেশ দ্বারা।

১১। কমান্ড পোস্ট নিজপক্ষ হইতে “বিশ্রাম” আদেশ দিতে পারে যখন ফায়ারে লম্বা বিরতি থাকে।

“নিরাপদ কর (Make Safe)”

১২। সাধারণতঃ ড্রিলে ব্যক্ত অবস্থায় নং ১ “নিরাপদ কর” আদেশ দেয়, তবে কমান্ড পোস্টও ঐ আদেশ দিতে পারে যখন কামানকে তাদের “ডিএফএস ও এস (DFSOS)” কাজে স্থাপন করা হয় এবং উহা লোড রাখা, যার বৃত্তান্ত ৩১নং পরিচ্ছেদ-এ দেওয়া হল।

১৩। ডি এ এস ও এস বাতিল হয় “স্থান লও” আদেশ বা নতুন পর্যায়ক্রমে প্রারম্ভিক আদেশ দ্বারা।

স্থগিত সুটের পুনঃ আরম্ভ (Continuation of a suspended shoot)

১৪। সুট চলাকালীন আদেশ বলবৎ থাকে যতক্ষণ পর্যন্ত না পর্যায়ক্রমে নতুন প্রারম্ভিক আদেশের শুরুতে টার্গেটের প্রকৃতি বলায় উক্ত আদেশ বাতিল হয়। কাজেই একটি সুট যাহা “বিশ্রাম” আদেশ দ্বারা সাময়িক ভাবে বাতিল করা হয় তা শুধুমাত্র “স্থান লও” দ্বারা পুনঃ আরম্ভ করা যাবি পারে। ইহার জন্য পৃথক পর্যায়ক্রমে প্রারম্ভিক আদেশ দিতে হবে। উদাহরণ স্বরূপ অবজার্ভারের “হুকুমে ফায়ার, ... গোলা কামান ফায়ার, বিশ্রাম” আদেশ দেওয়ার পর শুধুমাত্র “স্থান লও, ফায়ার” আদেশ দিলেই নির্দিষ্ট সংখ্যক গোলা ফায়ার হবে।

পরিচ্ছেদ ৩১-সুটের সমাপ্তি (Termination of Shoot)

১। একটি সুটের সমাপ্তি হয় ও উহা সম্পর্কে সমস্ত আদেশ বাতিল হয় যখন পর্যায়ক্রমে প্রারম্ভিক আদেশের শুরুতে টার্গেটের প্রকৃতি বর্ণনা করা হয় বা “আরামে থাক” (Stand easy) বা “ফায়ার বিরতি (Cease Fire)” আদেশ দেওয়া হয়। (পরিচ্ছেদ-৪০)।

২। হাই এ্যাংগেল সুটের সমাপ্তি “লো এ্যাংগেলের জন্য তৈরী হও (Prepare for low angle)” আদেশ দ্বারা বা লো এ্যাংগেল সুটের সমাপ্তি “হাই এ্যাংগেলের জন্য তৈরী হও (Prepare for high angle)” আদেশ দ্বারা হতে পারে। (পরিচ্ছেদ ৩৮)। “ট্যাংক এলার্ট (Tank alert)” আদেশে কামান যে কাজে নিযুক্ত আছে তাহা সমস্তই বাতিল হয় যায়।

“আরামে থাক (Stand Easy)”

৩। সুটের সমাপ্তি এবং কামান দলকে কামানের নিকট হতে প্রত্যাহার করার পর “আরামে থাক” নির্দেশ দেয়া হয়। ফায়ার প্রণালী চলাকালীন “অবজার্ভার” কর্তৃক “আরামে থাক” নির্দেশ দেয়া হলে কমান্ড পোস্ট কর্তৃক “আরামে থাক” নির্দেশ দেয়ার পূর্বে ফায়ার প্রণালী সমাপ্ত হবে।

৪। যখন কামানকে “ডি এফ এস ও এস (DF SOS)” কাজে স্থাপন করার প্রয়োজন হয় তখন কমান্ড পোস্ট অবজার্ভার হতে “আরামে থাক” আদেশ পাবার পর কামানকে আবশ্যকীয় আদেশ দেয় কমান্ড পোস্ট কামানকে “আরামে থাক” এই আদেশ করার পূর্বে লোড করতে (অবশ্য যদি গরম না থাকে) আদেশ দিবে এবং কামানকে নিরাপদ করা হবে। এই মর্মে অবজার্ভারকে পরিচ্ছেদ ৩৪ অনুযায়ী রিপোর্ট করবে।

৫। অন্যান্য ক্ষেত্রে কমান্ড পোস্ট নিশ্চিত করবে যে কামানগুলি অন্যান্য কাজের পর শেষ আদেশের উপর অবস্থান করে।

৬। “আরামে থাক” আদেশ প্রাপ্তির পর নিম্নলিখিত কার্যসূচী সকল কামান দলের উপর প্রযোজ্য হবে :-

(ক) যদি কামান লোড থাকে ও কমান্ড পোস্ট “নিরাপদ করা” আদেশ না দিয়া থাকে তখন কার্তুজ খালি করা (Unload) হবে কমানকে কামান ড্রিল অনুযায়ী নিরাপদ করা হবে। যখন কার্তুজ খালি করা হয় তখন র্যামারের অগ্রভাগ কামানের ব্রিচের (Breach) মধ্যে রাখা হয় যাতে ভুল বশতঃ দ্বিতীয় গোলা লোড করা না হয় এবং নং ১ নিশ্চিত করবে যে কার্তুজের কোন অংশ কামাপনের চেম্বারে (Chamber) না থাকে।

(খ) কামানের চতুষ্পার্শ্বের আবশ্যকীয় কাজ নং ১-এর নির্দেশ অনুযায়ী করবে।

(গ) এই সমস্ত কাজের শেষে নং ১ এই নিশ্চিত করবে যে কামান কমান্ড পোস্টের শেষ আদেশের উপর অবস্থান করছে।

(ঘ) ইয়ার পর নং ১ দলকে প্রত্যাহার করবে।

৭। “আরামে থাক” বাতিল হয় “স্থান লও” আদেশের বা নতুন পর্যায়ক্রমে প্রারম্ভিক আদেশ দ্বারা।

পরিচ্ছেদ ৩২-আদেশের ভুল সংশোধন
(Correcting mistakes in orders)

সংকেত প্রণালী (Signal Procedure)

১। অবজার্তার হতে কমান্ড পোস্ট পর্যন্ত ফায়ার আদেশ পাঠাইবার প্রণালী গোলন্দাজ বাক পদ্ধতি (Artillery Voice Procedure) পুস্তকে দেওয়া আছে।

“ভুল”-এর ব্যবহার (The use of “Wrong”)

২। অবজার্তার যদি সিগন্যালারের (Signaller) “সম্পূর্ণ স্যার (Through sir)” বলার পূর্বে কোন ভুল লক্ষ্য করে তবে অবজার্তার বলবে “ভুল” ও তাহার পরই শুদ্ধ আদেশ দিবে।

“ভুল” আদেশ কমান্ড পোস্ট দ্বারা ব্যবহৃত হবে না।

“থাম (Stop)” এর ব্যবহার

৩। যদি কোন ভুল লক্ষ্য হগয় যাতে কামান বা কামান গুলির ফায়ার সংশ্লিষ্ট থাকে তবে “থাম” আদেশ দেওয়া হয় ও ইহার পর সংশোধিত আদেশ দিয়া “চলুক” আদেশ দিতে হয়।

৪। যদি কোন ভুল লক্ষ্য হয় যাতে কামানের ফায়ার সংশ্লিষ্ট না থাকে তখন শুধুমাত্র সংশোধিত আদেশ যথেষ্ট, এবং “থাম” আদেশ ব্যবহৃত হবে না।

“বাতিল (Cancel)” এর ব্যবহার

৫। যদি একত্রিত (Cumulative) আদেশে কোন ভুল লক্ষ্য হয়, তখন “বাতিল” আদেশসহ ভুল আদেশের বর্ণনা ও পরে শুদ্ধ আদেশ দেওয়া হয়।

৬। যদি আদেশ একত্রিত না হয়, তখন শুদ্ধ আদেশেই পূর্বের ভুল আদেশকে বাতিল করা দিবে এবং “বাতিল” আদেশ দিতে হবে না।

উদাহরণ :

৭। উপরি উল্লিখিত নিয়মাবলীর সারণী ১৪-তে ব্যাখ্যা করা হল।

সারণী ১৪-আদেশের ভুল সংশোধন

ক্রমিক নং	আদেশ	সংশোধন	সম্পর্ক
১।	“কম ২০০, ১ গোলা” কামান ফায়ার	থাম। বাতিল কম ২০০০। বেশী ২০০। চলুক।	পরিচ্ছেদ ৩২ অনুচ্ছেদ-৫
কমান্ড পোস্ট হইতে কামানকে :			
২।	“এলিভেশন ২১৫, ১ গোলা” কামান ফায়ার।	থাম। এলিভেশন ২১৯ চলুক।	পরিচ্ছেদ ৩২ অনুচ্ছেদ ৫
৩।	“সাইট ১৫ মিনিট/” এলিভেশন ৩০৪	সাইট ২০ মিনিট/এলিভেশন ৩১০	পরিচ্ছেদ ৩২ অনুচ্ছেদ ৪

পরিচ্ছেদ ৩৩-স্থাপনের ভুল সংশোধন
(Correcting mistakes in laying)

- ১। যদি অবজারভার দেখে যে কোন একটি কামান অন্যান্য কামান হতে পৃথক ফায়ার করছে, সাধারণতঃ অবজারভারের জন্য সব চেয়ে সন্তোষজনক প্রতিকার হল উপযুক্ত লক্ষ্য গ্রিড সংশোধন আদেশ করা। তিনি অবশ্য “নং.....ত্রুটি (Error at No.....)” আদেশ করতে পারেন যদি ভুল অস্বাভাবিক বেশী হয়। এই আদেশ পাওয়ার পর, কমান্ড পোস্ট কোন অফিসার বা এন সি ও (NCO) কে দরকারী পরীক্ষা করার জন্য কামানে পাঠাবে। কোন ভুল পেলে তা সংশোধন করা হবে এবং অবজারভারকে এই ব্যাপারে রিপোর্ট করা হবে “নং..... এখন ঠিক (No..... Now Correct)” সংশ্লিষ্ট কামানটি পরীক্ষা এবং সংশোধনের জন্য যত সময়ের দরকার হয় তার বেশী সময় ফায়ার বন্ধ করবে না।
- ২। রিপোর্টের এবং কমান্ড পোস্ট বা সেকশন কমান্ডার দ্বারা ভুল সংশোধনের ড্রিল গোলন্দাজ শিক্ষার ৩/৩ পুস্তিকায় দেওয়া আছে।
- ৩। কমান্ড পোস্ট, সাইট (Sight) বা গোলাবারুদে, প্রকৃত কত পরিমাণ লাগান দি়াছ তার সম্বন্ধে রিপোর্ট দাবী করতে পারে “রিপোর্ট” আদেশ দ্বারা যেমন :-
“নং ডিফেক্সন রিপোর্ট কর। ফিউজ পরিমাণ রিপোর্ট কর”।
- ৪। অবজারভার বা কমান্ড পোস্ট কোন কামানকে বা কামান গুলিকে কোন একটি কামানের ডিফেক্সনের প্যারালেলে আনতে পারে। “নং এর প্যারালের (Parallel lines to No.....)” বা “নং এর প্যারালের(No.....Parallel line to No.....)”। সবিস্তার ড্রিল, কামান ড্রিল বইয়ে দেওয়া আছে।
- ৫। “স্থাপন পরীক্ষা (Check laying)” আদেশের কোন শেষ নাই, ইহা শুধুমাত্র ফায়ারে বিলম্ব করে, কাজেই ইহা ব্যবহার করা হবে না।

পরিচ্ছেদ ৩৪-কমান্ড পোস্ট হইতে অবজারভারকে রিপোর্ট
(Reports from CP to the OP)

সাধারণ :

- ১। (ক) অবজারভারের আদেশ কমান্ড পোস্ট রিপোর্টের চাইতে অগ্রগণ্য হবে।
- (খ) কমান্ড পোস্ট সমস্ত দরকারী তথ্য অবজারভারের গোচরীভূত করবে, যার দ্বারা অবজারভার গোলাবার পতন ও যে টাটায় এ কামান ফায়ার করছে তাদের মধ্যে সম্বন্ধ খুঁজিয়া পত্র পারেন।
- (গ) যদি কোন ভুল হয় থাকে যার জন্য গোলাবার পতন হতে অবজারভারের ভুল ধারণার সৃষ্টি করতে পারে তার বিস্তারিত রিপোর্ট, ভুল আবিষ্কার করা মাত্র দেওয়া হবে।
- (ঘ) যোগাযোগ ব্যবস্থাকে অনাবশ্যক তথ্য দ্বারা ভারাক্রান্ত করা উচিত নয়।

“প্রস্তুত (Ready)”

- ২। এই রিপোর্ট নিম্নভাবে দেওয়া হয় :-

- (ক) সেন্টার অব আর্ক (Centre of Are) তালিকাভুক্ত (Record) রিবার অনতিবিলম্বেই যদি কোন ফায়ার আদেশ না দেওয়া হয়। যদি কিছু সংখ্যক কামানের স্থান দখল (Occupation) করতে বিলম্ব হয় তবে কমান্ড পোস্ট যখনই ব্যাটারির কোন অংশ সেন্টার অব আর্ক তালিকাভুক্ত করে তার সম্বন্ধে রিপোর্ট করে যথা :-
“ব্যাটারি প্রস্তুত (Battery Ready)” সমস্ত কামান সেন্টার অব আর্ক রেকর্ড করিছে।
“ডান সেকশন প্রস্তুত (Right Section Ready)” বাম এবং মধ্য কসেকশনের বিলম্ব আছে।
- (খ) যখন কামান ফায়ার করিবার সমস্ত আদেশ দেওয়া হইয়াছে শুধুমাত্র “ফায়ার” বা “চলুক” দেওয়া হয় নাই কিন্তু প্রকৃতপক্ষে কামান ফায়ার করিবার জন্য তৈরী আছে।

সুট :

৩। যখনই কামান পৃথক বা ক্রমিকভাবে ফায়ার করে অবিলম্বে প্রতিটি কামানকে নম্বরসহ ফায়ারের রিপোর্ট অবজার্ভারকে দিতে হবে যথা “সুট-৩”। এই নিয়মের আওতার সেকশন বা একক কামান রেঞ্জিং (Single Gun Ranging), ব্যাটারি ফায়ার বা একটি কামানের দ্বারা ফায়ার র~~য়~~ি~~ছ~~।

৪। যখন কতকগুলি কামান যুগপৎ বা স্বতন্ত্রভাবে ফায়ার করে তখন প্রথম কামান ফায়ার করা মাত্র, কামানের নম্বর উল্লেখ না ক~~র~~ি~~ছ~~ই “সুট” রিপোর্ট দেওয়া হবে। এই বিষয়ের অন্তর্ভুক্ত হ~~ছ~~ি একটি কামানের চেয়ে বেশী কামানের ফায়ার এবং সমষ্টি রেঞ্জিং।

“অল গান (All gone)”

৫। কার্যকরী ফায়ারের সময় অবজার্ভার “রিপোর্ট অল গান” আদেশ দিতে পারে যখন এই ইচ্ছা থাকে, যে কমান্ড পোস্ট আদেশকৃত সমস্ত গোলা ফায়ার হবার পর “অল গান” রিপোর্ট করবে।

প্রিসিশন সুট (Precision shoot)

